ছন্দোবোধ শব্দসাগর।

অর্থাৎ

বাঙ্গালা ভাষায় প্রচলিত সংস্কৃত, বাঙ্গালা, যাবনিক, ইংরেজি ও রঙ্গপুরের ব্যবহার্য্য যাবতীয় শব্দ নিচয়ের উচ্চারণ ক্রমে ছন্দোবন্ধাদি লিখনোপযোগী শ্রেণীবদ্ধ অভিধান।

শ্রীকালীমোহন রায় চৌধুরী

কর্ত্তৃক সঙ্কলিত।

শ্রীভুবনমোহন বন্দ্যোপাধ্যায় দ্বারা প্রকাশিত।

১ম খণ্ড।

অ—ঢ পর্য্যন্ত।

রঙ্গপুর,

হরিদেবপুর লোকরঞ্জন শাখা যন্ত্রালয়ে

শ্রীকালাচাঁদ দাস কর্ত্তৃক মুদ্রিত।

বঙ্গাব্দ ১৩০০ সাল।

ভূমিকা।

বঙ্গবাসী যে শিক্ষার বলে বলিয়ান হইয়া ক্ষিত্যপ-তেজ মরুৎ ব্যোম ইত্যাদির পর্য্যালোচনা পূর্ব্বক তত্তৎ বিষয়ে নূতন নূতন আবিষ্কার এবং সভ্যতার উচ্চতর সোপানে আরোহণ করিতেছেন, আজ সেই বিদ্যার আলোচনা হইতে, অর্থাৎ শকাব্দা ১৮১৪ বৎসর গতে ১৮১৫ সালে, বঙ্গবাসীর সেই শিক্ষার মূল বাঙ্গালায় প্রচলিত ভাষেত্যাদির শব্দ সিন্ধু আলোড়ন করিয়া নুতন প্রণালীতে এই অভিধান খানি আবিষ্কার করা হইল, অর্থাৎ বাঙ্গালা ভাষায় যে সকল অভিধান আছে তদ্দ্বারা গান, কবিতা, কি ছন্দোপযোগী শব্দ নিচয়ের একত্র সমাবেশসূচক কোন গ্রন্থ না থাকায় ছন্দানুরাগী মহোদয়গণের মনের ভাব অনেক সময়ে মনেই বিলীন হইয়া থাকে, উপরান্ত তন্মধ্যে যদিও শব্দ সমুদয় শ্রেণী বদ্ধ মতে লিখিত হওয়ার কোন ত্রুটী নাই, তথাপি সময়ে ২ হঠাৎ দৃষ্টিতে একটী শব্দ অনুসন্ধান করিতে বিশেষ বৈরক্তি অনুভূত হইয়া থাকে। তত্তৎ অভাব দূরীকরণ মানসে সংস্কৃত ও সাধুভাষা ও বাঙ্গলার প্রচলিত ইংরেজী, যাবনিক ও রঙ্গপুরের ভাষেত্যাদির যাবদীয় শব্দের উচ্চারণ প্রতি দৃষ্টি করিয়া, একাক্ষরাদি পর্য্যায়ে, শেষ অক্ষরের অকারাদি ক্রমে মিল রাখিয়া,

নিম্নের লিখিত শ্রেণীবদ্ধ মতে বহু পরিশ্রমে, এই ছন্দো বোধ শব্দসাগর নামক পুস্তক খানি প্রস্তুত হইল, এক্ষণে মহোদয়গণের কার্য্যোপযোগী হইলেই পরিশ্রম সফল জ্ঞান করিব। পরিশিষ্টে ছন্দঃ সম্বন্ধে আলোচনা করার বাসনা রহিল।

জেলা রঙ্গপুর,
হরিদেবপুর,
১০ই আশ্বিন, ১৩০০। } শ্রীকালীমোহন রায় চৌধুরী।

+—পার্শ্বের লিখিত মতে উচ্চারিত হইয়াছে।

+ঋ	... রি
+ৠ	... রী
+ঌ, ৡ	... ল
+ঙ, ঞ	... অ
+ণ, ্ণ ফলা	... ন
+য	... জ
+ব অন্তঃস্থ	... ব বর্গীয়
+শ, ষ	... স
+ক্ষ	... খ
ং ম উচ্চারিত	... ম

শ্রেণী বদ্ধ ক্রম।
যথা অন্ত্য 'ক'র শ্রেণী।

কৃ	ক্র
ক	ক্ম
ক্ক	কঃ
ক্ব	কং
ক্য	ক্ষ—স্ক

সাঙ্কেতিক চিহ্ন।

যাং	... যাবনিক।
দেং	... দেশজ।
ইং	... ইংরাজি।
ধা	... ধাতু।

গ্রন্থকারের পরিচয়।

আদিসুর মহারাজা যজ্ঞের কারণ।
কনৌজ হইতে আনে পাঁচটী ব্রাহ্মণ॥
তাঁহারা আসিয়া বঙ্গে বসতি করিল।
ক্রমেতে তাঁদের বংশ বাড়িতে লাগিল॥
তন্মধ্যে শ্রীহর্ষ নামে দ্বিজ মহাশয়।
ভরদ্বাজ গোত্র চূড়া সেই জন হয়॥
সেই বংশে জন্মে রাম নৃসিংহ দ্যাকর।
বল্লালী মানেতে হন কুলিন প্রবর॥
শঙ্কর মুকুটী উক্ত রামের সন্তান।
আঙ্গার পুরেতে বাস জেলা বৰ্দ্ধমান॥
তাঁর এক মিত্র ছিল নিজ নামে নাম।
তাঁহারে সকল দিয়া যান কাশিধাম॥
যাইতে রাস্তায় দেখে মানসিংহ রায়।
শাসনের ভার নিয়ে আসে বাঙ্গালায়॥
পিতার মৃত্যুর তিথী পাইয়া রাজন।
বিধিমতে করিছেন শ্রাদ্ধ আয়োজন॥
ব্রাহ্মণ পাইয়া তিনি হরিষ অন্তর।
শ্রাদ্ধেতে করেন ব্রতি তাঁরে অতঃপর॥
শ্রাদ্ধ অন্তে ব্রাহ্মণেরে দেন বহু ধন।
কিছুই ব্রাহ্মণ তাহা না করে গ্রহণ॥

বার বার অনুরোধে বলিলেন তাঁয়।
বৰ্দ্ধমানে মম মিত্র অতি নিরুপায়॥
উপকার করিবারে যদি ইচ্ছা থাকে।
উচ্চ কোন পদ দেন ডাকিয়া তাঁহাকে॥
মিত্রের ঠিকানা সব বলিয়া রাজায়।
চক্রবর্ত্তী মহাশয় কাশীধামে যায়॥
মানসিংহ রাজা আসি বাঙ্গালা প্রদেশ।
মুকুটী শঙ্করে ডাকি বলিল সন্দেশ॥
রংপুর কুণ্ডীতে খালি সৈন্যাধ্যক্ষ পদ।
তথা যাও ল'য়ে এই সেনানী-সনদ॥
শঙ্কর মুকুটী শুনি এতেক বচন।
ক্রোধেতে করিল কিছু ইঙ্গিত ভর্ৎসন॥
ম্লেচ্ছের চাকুরী নিয়ে যাব ম্লেচ্ছ দেশ।
তোমার পক্ষেতে বটে ইহাই সন্দেশ॥
নিজে নাহি যাব নাহি যাবে পুত্রগণ।
বুঝিয়া করহ কার্য্য যা হয় এখন॥
একে প্রতিশ্রুত তাতে ইঙ্গিত ভর্ৎসনে।
মানসিংহ ডাকিলেন পুত্র জনে জনে॥
অষ্ট পুত্র কেহ নাহি করিল স্বীকার।
কেশব নামেতে এল নবম কুমার॥
বলিলেন পিতৃ বাক্য করিয়া হেলন।
বড় পদ পেলে আমি করিব গমন॥

শুনিয়া এতেক বাক্য মান সিংহ রায়।
দিলেন সেনানী এক সনদ তাঁহায়॥
বলিলেন শীঘ্র কর কুণ্ডীতে গমন।
সৈন্যাধ্যক্ষ হবে তথা পাবে বহু ধন॥
আজ্ঞা মতে এসে তিনি কুণ্ডীর ভিতর।
সৈন্যের সংগ্রহ তথা করেন বিস্তর॥
প্রজার নিকটে কর করিয়া গ্রহণ।
সুখেতে বঞ্চেন তথা নিয়ে পরিজন॥
দশ শত সাঁইত্রিশ বাঙ্গালা সনেতে।
কাটেন পুকুর এক অল্প সময়েতে॥
তাতে সদ্যঃ পুষ্করিণী নাম তার হয়।
তারি পাড়ে বাড়ি হয় অট্টালিকা ময়॥
চব্বিশ বৎসর গতে ষষ্টি এক সনে।
সুলতান সুজা ছিল দিল্লী সিংহাসনে॥
অধ্যক্ষের পদ তিনি করিয়া রহিত।
জমীদার ব'লে তাঁরে করেন বর্ণিত॥
লক্ষ টাকা কর হৈল কুণ্ডির কারণ।
রায় চতুর্ধুরী আখ্যা হইল তখন॥
সেই বংশে জন্ম গৌরী প্রসাদ নামেতে।
চতুর্থ পুরুষ হন কুণ্ডীর মধ্যেতে॥
দশ পাই জমীদারী আছিল তাঁহার।
অতি সাধু ছিল তিনি বড়ই উদার॥

শরীকের কুচক্রেতে ঠাহরিতে নারি।
হারাইল সেই কালে অই জমীদারী॥
তস্য এক পুত্র হর মোহন নামেতে।
তাঁর পুত্র গ্রন্থকার বলিমু ক্রমেতে॥
জজের কেরাণীগিরি রংপুর জেলায়।
এক্টীন্ মুন্সফি আদি করেন তথায়॥
জলপাই কমিস্নর কর্ণেল হটন।
কার্য্যের দক্ষতা দেখি হ'য়ে হৃষ্ট মন॥
তদধীনে সেরেস্দারী পদ দিল তাঁয়।
সেই কাযে কিছু দিন তথায় কাটায়॥
সেই পদ এবলিসে লইয়া পেনসন্।
বাড়ীতে বসিয়া তিনি আছেন এখন॥
উপযুক্ত পুত্র এক আছিল তাঁহার।
তদভাবে এবে তাঁর নাম থাকা ভার॥
তাতেই বাঙ্গালা ভাষা অভাব মোচন।
মনে করি করে এই গ্রন্থের সৃজন॥
যদি ইহা সাধারণে সমাদৃত হয়।
হইবে অক্ষয় কীর্ত্তি ভুবনে নিশ্চয়॥
গ্রন্থকার পরিচয় বিখ্যাত যেমন।
মুকুটী অমৃত লাল করিল রচন॥

বিঘ্নেশ গণেশ উন্মেষ নিমেষ।
নির্দ্দেশ্য উদ্দেশ্য আদেশ নিঃশেষ॥

ছন্দোবোধ শব্দসাগর।

অয়—অন্ত। [শুভ] দ্ব্যক্ষর।

অ—অন্ত। (১) একাক্ষর।

অ—বিষ্ণু, অপ্রশস্ত, কুৎসিত, বিরুদ্ধ।

অঃ—বিষ্ণু।

অং—শিব, ব্রহ্মা, কেদার, কুঞ্জীকা ইত্যাদি।

ঙ—চন্দ্রমা, যতি, শিব-যোষা, নীলকণ্ঠ, কামেশী।

ঞ—ক্রুর, গায়ক, যোগী, ঘর্ঘর শব্দ, ষণ্ড, ইত্যাদি।

অয়—অন্ত। (২) দ্ব্যক্ষর।

অয়্—(ধা) গমন, পরা—পলায়ন করা, নিরয়।

দয়্—(ধা) দয়া, দয়, দয়ালু, দয়িত, বধ করা।

বয়্—(ধা) প্রাপ্তি। (ইং) বালক।

ময়্—(ধা) ময়ূর, ময়িত।

হয়্—(ধা) হয়, হয়ন।

অয়—সৌভাগ্য, শুভদায়ক বিধি, নরক বিং, লাভ,।

ক্রয়—মূল্য দিয়া কোন বস্তু কেনা=খরিদ করা।

ক্ষয়—রাজযক্ষ্মা, কাশরোগ, প্রলয়, মাস বিং, হ্রাস।

গয়—নৃপ বিং, অসুর বিং, বানর বিং।

চয়—সমূহ, পরিখা, বপ্র, প্রাচীর, ভেরী, সঞ্চয়।

শ্রয়—অবলম্বন, আশ্রয়।

জয়—বিষ্ণুর পার্শ্বচর, যুদ্ধাদি স্থলে শত্রু দমন, জয়ন্ত।

ত্রয়—তিন সংখ্যা বিশিষ্ট।

দয়—কৃপা, অনুগ্রহ, পর দুঃখে দুঃখানুভব।

দ্বয়—উভয়, যুগ্ম, দুই সংখ্যা বিশিষ্ট।

নয়—নিষেধ, বেদের জ্ঞান, কাণ্ড, (৯) নব সংখ্যা।

ব্যয়—লগ্ন হইতে দ্বাদশ স্থান, অর্থের অপগম, যাপন।

ব্যয়—(ধা) গমন, ত্যাগ, ব্যয়, ব্যয়িত, ব্যয়ী।

ভয়—ঘোর, ভয়ানক, আশঙ্কা, আতঙ্ক, উদ্বেগ।

ময়—উষ্ট্র, অশ্বতর, দৈত্যগণের শিল্পী, দৈত্য বিং।

রয়—নদী প্রবাহ, স্রোত, বেগ।

লয়—শ্লেষ, গীতবাদ্যাদির তাল বা সমান সময়, ধ্বংস।

শয়—পণ, নিদ্রা, সর্প, হস্ত, শয্যা, শয়ন, শয়নকারী।

স্ময়—অহঙ্কার, আশ্চর্য্য।

হয় —অশ্ব, ঘোটক, সপ্ত সংখ্যা, বড়বা।
পয়ঃ—ক্ষীর, দুগ্ধ, জল।
বয়ঃ—পক্ষী, আয়ু, বাল্যাদি জীবনকাল, যৌবন।

অয়—অন্ত। (৩) ত্র্যক্ষর।

কেকয় —দেশ বিং, সূর্য্যবংশীয় নৃপ বিং।
বিক্রয় —বেচা, বিক্রমণ ক্রিয়া।
বৎসয় —এক বৎসরের বাছুর।
অক্ষয় —ক্ষয় রহিত, অবিনশ্বর, চিরস্থায়ী, অব্যয়।
নিচয় —সমূহ, গণ, পূর, উপচয়।
প্রচয় —রাশি, সকল, নিকর, জমাট, বৃদ্ধি।
বিচয় —বচন, অনুসন্ধান।
সিচয় —বস্ত্র, জীর্ণবস্ত্র, নেকড়া।
উচ্চয় —নীবী, পরিধান বস্ত্রের গ্রন্থি, সমূহ, চয়ন।
সঞ্চয় —জমা, সমূহ, সংগ্রহ, একত্রকরণ, রাশি।
নিশ্চয় — অবশ্য, নিশ্চয় জ্ঞান, স্পষ্ট, প্রতিজ্ঞা।
আশ্রয়—স্থান, রক্ষক, কারণ, প্রতারণা, অবলম্বন।
প্রশ্রয় —স্নেহ, প্রেম, প্রণয়, সস্নেহ সম্মান, বিনয়।
সংশ্রয়—গতি, প্রাপ্তি, কারণ, উপায়, আশ্রয়, ব্যাপ্তি।
উচ্ছ্রয় —উচ্চতা, উন্নতি।
হৃচ্ছয় —কামদেব।
অজয় —বিখ্যাত নদী, অজয়া, ভাঙ্গ, সিদ্ধি।
বিজয় —বিষ্ণুর অনুচর বিং, যম, অর্জ্জুন, জয়, জিৎ।

দুর্জ্জয় —অপরিহার্য্য, গুরুতর, অতি কষ্টে দমনীয়।
নির্জ্জয় —অজয়, সর্ব্বাঙ্গ জয়।
পর্য্যয় —ব্যত্যয়, বৈপরিত্য, ব্যতিক্রম।
ত্রিতয় —তিনের পূরণ, তৃতীয়, তিন।
দ্বিতয় —যুগ্ম, দুই সংখ্যা, দুই প্রকার।
সাতয় —সুখজনক।
অত্যয় —মৃত্যু, বিনাশ, অপচয়, অতিক্রম, উল্লঙ্ঘন।
প্রত্যয় —জ্ঞান, বিশ্বাস, হেতু, শপথ, নিশ্চয়,আচার।
ব্যত্যয় —ব্যতিক্রম, বিপর্য্যয়, বৈপরীত্য।
উদয় —উৎপত্তি, উদয়াচল, উঠা, বৃদ্ধি, লাভ, লগ্ন।
নিদয় —(দেং) কঠিন, নিষ্ঠুর, নির্দ্দয়, মমতাশূন্য।
সদয় —সানুকম্প, কৃপান্বিত।
হৃদয় —বক্ষঃস্থল, চিত্ত, মন, জীবিত।
অদ্বয় —ব্রহ্ম, বৌদ্ধ, দ্বয়শূন্য, অদ্বিতীয়।
নির্দ্দয় —দয়াহীন, পাষাণহৃদয়।
অনয় —দুর্নীত, দুর্দ্দৈব, বিপদ, ব্যসন, নীতিশূন্য।
তনয় —সুত, পুত্র।
প্রণয় —নির্ব্বাণ, সন্ধি, বিশ্বাস, ভালবাসা, প্রেম।
উন্নয় —উন্নতি, উত্থান, উত্তোলন, ঊর্দ্ধ্বনয়ন।
সন্নয় —পশ্চাৎভাগোস্থিত সৈন্য সমূহ, সংখ্যা।
অন্বয় —বংশ, বাক্য বা পদের পরস্পর সম্বন্ধ।
সান্বয় —একবংশীয়, সগোত্র।

দুর্ণয় —কুনীতি, মন্দরীতি।
নির্ণয় —অধিকরণ বিং, চর্চ্চা, বিচার, নিশ্চয়, ঠিক।
গবয় —বানর বিং, বনগো, বৈবস্বত পুত্র।
দ্রুবয় —তৌলন, পরিমাণ।
বাবয় —বাবুই তুলসী।
অব্যয় —বিষ্ণু, শিব, ব্যয় রহিত, অক্ষয়।
অভয় —বেণার মূল, ভয়শূন্যতা, পরমাত্মা।
উভয় —দুই, যুগ্ম, যুগল।
আহ্বয় —আনন্দিত, হৃষ্ট।
সাহ্বয় —যুদ্ধকারক পক্ষী, কুক্কুট, বুলবুলী প্রভৃতি।
নির্ভয় —ভয় শূন্য, অভয়।
আময় —পীড়া, রোগ, ব্যাধি, ওষধি ভেদ, কুড়।
গোময় —গোবিষ্ঠা, গোবর।
প্রময় —হিংসা, বিনাশ, বধ।
বিময় —বদল, বিনিময়।
ভূময় —মৃত্তিকা নির্ম্মিত।
সময় —কাল, অবসর, প্রতিজ্ঞা, নিয়ম, ধর্ম্ম।
বাঙ্ময় —বাক্যাত্মক, বাক্যময়, অলঙ্কার শাস্ত্র।
চিন্ময় —ঈশ্বর, জ্ঞানময়।
তন্ময় —তৎস্বরূপ, তদাত্মক।
মৃণ্ময় —মৃত্তিকা, মৃত্তিকানির্ম্মিত, মেটে।
অম্ময় —জলময়, ফেণাদি।

পারয় —তৃপ্তিকর, নিপুণ, প্রীতিকর।
অলয় —প্রলয়াভাব, অবস্থান।
আলয় —গৃহ, ঘর।
নিলয় —আলয়, নিবাস, আশ্রয়, বাসস্থান।
প্রলয় —প্রকাণ্ড, বৃহৎ, বিলয়, লয়, ধ্বংস, মূর্চ্ছা।
বলয় —বালা, করভূষণ, মণ্ডল, বেষ্টন, গলরোগ বিং।
বিলয় —ধ্বংস, নাশ, অন্তর্ধান।
মলয় —পর্ব্বত বিং, আরাম, ঋষভদেবের পঞ্চম পুত্র।
মালয় —মলয় সম্বন্ধীয়, চন্দন তরু।
সংলয় —নিদ্রা, প্রলয়, স্বপ্ন, ঘুম।
আশয় —অভিপ্রায়, তাৎপর্য্য, বিভব, ঐশ্বর্য্য, স্থান।
বিশয় —সংশয়, সন্দেহ।
বিষয় —ঐশ্বর্য্য, ধন, আশয়, ভোগ, ব্যবসায়, বীর্য্য।
সংশয় —বৈধজ্ঞান, সন্দেহ।
বিস্ময় —সন্দেহ, আশ্চর্য্য, অহঙ্কার, দর্প, অদ্ভুত।

অয়—অন্ত। (৪) চতুরক্ষর।

অবক্রয় —ভাড়া, মূল্য, দাম।
প্রতিক্ষয় —রক্ষক।
তিথিক্ষয়—অমাবস্যা, ত্র্যহস্পর্শ, দিনক্ষয়।
তৃষ্ণাক্ষয় —পিপাসা নিবৃত্তি।
উপক্ষয় —ক্ষতি, নাশ, হানি।
সোমক্ষয় —অমাবস্যা।

দেহক্ষয় —দেহনাশ, মৃত্যু, মরণ।
অন্বাচয় —অনুষঙ্গ, আনুষঙ্গিকতা।
অপচয় —হানি, ক্ষতি, ক্ষয়।
উপচয় —বৃদ্ধি, উন্নতি, পুষ্টি, আধিক্য।
পরিচয় —বিশেষরূপে জ্ঞান, আলাপ, চেনা, প্রণয়।
অভ্যুচ্চয় —পুঞ্জ, রাশি।
সমুচ্চয় —সমাহার, মিলন, অনেক, সমূহ, রাশি।
স্খলোচ্চয়—অসম্পূর্ণতা, গজের মধ্যম গতি বিং, ব্রণ।
একাশ্রয় —অনন্যগতি, একমাত্র গতি।
প্রতিশ্রয় —স্থান, আধার।
ভদ্রাশ্রয় —চন্দনবৃক্ষ।
অধিশ্রয় —স্থান, আধার, পাত্র।
গুণাশ্রয় —ধার্ম্মিক, কার্য্যদক্ষ, সুনিপুণ।
ঘনাশ্রয় —মেঘাধার, আকাশ, শূন্য।
জনাশ্রয় —লোকালয়, অল্প দিনেরজন্য নির্ম্মিত গৃহ।
বনাশ্রয় —দাঁড়কাক, বনবাসী।
বাণাশ্রয় —শরাশন, ধনুক, তূণ।
উপাশ্রয় —নিবাস, আশ্রয়, অবলম্বন।
ব্যপাশ্রয় —আশ্রয়, অবলম্বন।
নামাশ্রয় —দেবনামাবলম্বন।
সমাশ্রয় —অবলম্বন, রক্ষা।
নিরাশ্রয় —আশ্রয়শূন্য, নিঃসহায়।

পরাশ্রয় —পরাধীনতা গ্রহণ, পরাবলম্বন।
শরাশ্রয় —বাণাধার, তূণ।
পরিশ্রয় —অবলম্বন, সভা।
জলাশ্রয় —পুষ্করিণী, তৃণ।
গৃহাশ্রয় —সংসারাশ্রম, দ্বিতীয় আশ্রম।
গৃধ্রাশ্রয় —শ্মশান।
যূপোচ্ছ্রয়—যজ্ঞস্তম্ভোত্থাপন মহোৎসব, উত্তোলন।
শত্রুজয় —বিপক্ষ পরাজয়।
অপজয় —পরাজয়।
দিগ্বিজয় —বিদ্যা অথবা যুদ্ধ দ্বারা দিক্‌জয়।
অভিজয় —সম্পূর্ণরূপে জয়।
জন্মেজয় —বিষ্ণু, পরীক্ষিত পুত্র।
পরাজয় —হারিয়া যাওয়া, ভঙ্গ, পরাভব।
মৃত্যুঞ্জয় —মহাদেব, শিব।
শত্রুঞ্জয় —বিমলাদ্রি, রিপুজয়ী, বৈরিতা।
ধনঞ্জয় —বৃক্ষ বিং, অগ্নি, নাগ বিং, অর্জ্জুন।
পরঞ্জয় —শত্রুবিজয়কারী ; বরুণ।
পুরঞ্জয় —শিব, সূর্য্যবংশীয় নৃপতি বিং, পুরজয়কর্ত্তা।
বিপর্য্যয় —ব্যতিক্রম, বৈপরীত্য, ব্যত্যয়।
চতুষ্টয় —চতুর্ব্বিধ বৃত্তের কেন্দ্র, চারি প্রকার।
মেঘাত্যয়—শরৎকাল।
মদাত্যয়—মদ্যপান জনিত রোগ বিং।

ঘনাত্যয়—শরৎকাল।
দিনাত্যয়—স্বায়ংকাল।
পানাত্যয়—মদ্যপান জনিত রোগ বিং।
অপ্রত্যয়—সন্দেহ, অবিশ্বাস।
উপাত্যয়—আচারাতিক্রম, নাশ।
তপাত্যয়—বর্ষাকাল।
দুরত্যয়—দুরতিক্রম্য, দুস্তর, দুর্ব্বিনাশ্য।
নিরত্যয়—নির্ব্বোধ, বাধাশূন্য, নির্দ্দোষ।
দর্শত্যয়—শুক্ল প্রতিপদ, অমাবস্যার নাশ।
বর্ষাত্যয়—শরৎকাল।
দুঃখত্রয়—আধ্যাত্মিক, আধিদৈবিক, আধিভৌতিক।
কটুত্রয়—ত্রিকটু—শুঁঠ, পিঁপুল, মরিচ।
মধুত্রয়—ঘৃত, মধু, শর্করা।
কালত্রয়—ত্রিকাল—বর্ত্তমান, ভবিষ্যৎ, অতীত।
ফলত্রয়—ত্রিফলা—আমলকী, হরীতকী, বহেড়া।
পৃষ্ঠোদয়—মেষ, বৃষ, কর্কট, ধনু, মকর ও মীনলগ্ন।
বেদোদয়—সূর্য্য, রবি।
অর্দ্ধোদয়—বার তিথি নক্ষত্র সংযুক্ত যোগ বিশেষ।
লব্ধোদয়—জাত, উৎপন্ন।
অভ্যুদয়—উদয়, মঙ্গল, উন্নতি, অভীষ্টসিদ্ধি।
সমুদয়—সমগ্র, উত্থান, উদয়, উন্নতি।
ফলোদয়—ফলোৎপত্তি, লাভ, স্বর্গ, কার্য্যসিদ্ধি।

দুহৃদয় —ক্রূরচিত্ত, দুষ্টান্তঃকরণ, শত্রু।
সহৃদয় —সামাজিক, রসিক, পণ্ডিত, প্রশস্তচিত্ত।
সুহৃদয় —সদন্তঃকরণবিশিষ্ট।
মহোদয়—মহাত্মা, মোক্ষ, আধিপত্য, অত্যুন্নত।
দুরধ্যয় —দুষ্পাঠ্য।
ঘটিন্ধয় —পট পাত্রে পানকারী।
মুষ্টিন্ধয় —বালক, শিশু।
স্তনন্ধয় —স্তন্যপায়ী, অতি শিশু।
পাণিন্ধয়—যে পাণি দ্বারায় জলপান করে।
পুষ্পন্ধয় —ভ্রমর, মীনধ্বজ, পুষ্পরস পানকারী।
নাড়িন্ধয়—নাড়ী পান কর্ত্তা।
অয়ানয় —অক্ষক্রীড়কের স্থল বিং, দেশ বিং।
অনুনয় —বিনয়, স্তব, স্তুতি, শিষ্টতা।
অপনয় —পরিত্যাগ, খণ্ডন, অপহরণ, অপকার।
উপনয় —পৈতা গ্রহণ, সংস্কার বিং।
অবিনয় —ধৃষ্টতা, ঔদ্ধত্য, অশিষ্টাচার।
অভিনয় —নাটক।
পরিণয় —বিবাহ।
সমুন্নয় —ঘটনা, ঊর্দ্ধে লণ্ডন, উৎপ্রেক্ষণ, লাভ।
অনন্বয় —অলঙ্কার বিং, অন্বয় রহিত।
ক্রমান্বয় —ক্রমে ক্রমে, পর পর।
বিনির্ণয় —নিষ্পত্তি, অবধারণ, নিশ্চয়।

কতিপয় —কিয়ৎ সংখ্যক, কতকগুলি।
অপব্যয় —অপকৃষ্ট ব্যয়, অপরিমিত ব্যয়, বৃথা ব্যয়।
নিরব্যয় —অজাতক্ষয়, সনাতন, অক্ষয়।
বীতভয় —ভয়রহিত, নির্ভয়।
প্রতিভয় —ত্রাস, শত্রু হইতে ভয়, ভীষণ, ভয়ঙ্কর।
অহিভয় —সর্প ভয়, রাজাদিগের সপক্ষজাত ভয়।
গজাহ্বয় —হস্তিনানগর, দিল্লী।
হিমাহ্বয় —কর্পূর, বর্ষ বিং।
সমাহ্বয় —যুদ্ধ, নাম, আখ্যা।
জলাহ্বয় —পদ্ম।
ভস্মাহ্বয় —কর্পূর।
ছায়াময় —প্রতিবিম্বিত।
দয়াময় —দয়ালু, দয়াশীল।
ত্রয়ীময় —ঐশ্বরিক, ঈশ্বর সম্বন্ধীয়।
অয়োময় —লৌহনির্ম্মিত।
দুঃখময় —নিতান্ত দুঃখিত।
তেজোময় —তেজঃপূর্ণ, জ্যোতির্ম্ময়।
পটময় —বস্ত্র নির্ম্মিত, তাঁবু, শাটী।
অস্তময় —অস্তগমন, তিরোধান, সূর্য্যাদির অদর্শন।
ধাতুময় —ধাতু নির্ম্মিত, তৈজস, ধাতু স্বরূপ।
সুধাময় —অমৃতময়, চূর্ণময়, প্রাসাদ।
অনাময় —রোগাভাব, সুস্থতা, আরোগ্য, নিরোগী।

ঘনাময় —খেজুর গাছ।

বিনিময় —বন্ধক, পরিবর্ত্তন, বদল, গচ্ছিত।

ঊর্ণাময় —মেষাদি লোমনির্ম্মিত, পশমী।

রত্নময় —মণিময়, রত্নখচিত।

অগ্নিময় —অগ্নিবিশিষ্ট, অগ্নিবৎ, আগ্নেয়।

নৃপাময় —রাজ যক্ষ্মা, ক্ষয়রোগ।

দ্রব্যময় —পাদার্থিক, পদার্থ সম্বন্ধীয়।

সর্ব্বময় —ঈশ্বর, সর্ব্বস্বরূপ।

ধর্ম্মময় —ধার্ম্মিক, পুণ্যাত্মা।

দ্রুমাময় —লা, লাক্ষা।

তমোময়—অহঙ্কারে পরিপূর্ণ, অন্ধকারে আচ্ছন্ন।

নিরাময়—নীরোগ, সুস্থ, পীড়াশূন্য।

দারুময় —কাষ্ঠনির্ম্মিত।

জলময় —জলপ্লাবিত, জলপূর্ণ।

শিলাময়—প্রস্তর নির্ম্মিত, শিলাস্বরূপ।

অসময় —অনুপযুক্ত সময়, দুঃসময়।

দেশময় —সর্ব্বত্র বিস্তৃত, ব্যাপ্তি, দেশব্যাপ্ত।

দুঃসময় —মন্দসময়, দুঃখের অবস্থা, অকাল, দুর্ভিক্ষ।

গ্রহাময় —ভূতে পাওয়া।

মহীময় —মৃত্তিকা নির্ম্মিত, মৃণ্ময়।

ব্রীহিময়—ব্রীহি নির্ম্মিত যজ্ঞীয় দ্রব্য।

হিরণ্ময় —স্বর্ণময়, ব্রহ্মা, বর্ষ বিং।

ভাইছ্‌রয়—(ইং) রাজপ্রতিনিধি।
বৃক্ষালয় —পাখী, বিহগ।
ভঙ্গলয় —তর্কসিদ্ধি, তর্ক খণ্ডন।
মৃগালয় —মৃগনিবাস, মৃগ সমাকীর্ণ বন।
লঘুলয় —উষীর, বেণার মূল, খস্‌খসিয়া।
দ্বিজালয় —ব্রাহ্মণাদি ত্রিবর্ণের বাড়ী, বৃক্ষের কোটর।
কৃতালয় —ভেক, বেঙ্‌।
বিদ্যালয় —পাঠশালা, বিদ্যা শিক্ষার স্থান, চৌবাড়ী।
মীণালয় —সমুদ্র।
দেবালয় —স্বর্গ, মন্দীর, দেবগৃহ, উপাসনা গৃহ।
শিবালয় —রক্তভুলসী, শ্মশান, শিবের মন্দির।
নভোলয় —ধূঁয়া, ধূম।
যমালয় —শমনপুরী, যমের বাড়ী।
হিমালয় —পর্ব্বত বিং, পার্ব্বতীর পিতা।
নিরালয় —আলয় রহিত, উদাসীন।
সুরালয় —পর্ব্বত, স্বর্গ, নাক, শুঁড়ির দোকান।
মহালয় —পরমাত্মা, তীর্থ, আশ্বিনমাসের কৃষ্ণপক্ষ।
পক্কাশয় —নাভিদেশের অধোভাগ, তলপেট, উদর।
রজঃশয় —কুকুর, সারমেয়।
পৃষ্ঠশয় —উত্তানশয়, ঊর্দ্ধমুখ।
রক্তাশয় —রক্তের আধার, হৃৎপিণ্ডের স্থান।
অতিশয় —অধিক, অতিরিক্ত, আধিক্য।

সাতিশয় —অধিক, অত্যাধিক, আধিক্য যুক্ত।
ক্ষুদ্রাশয় —নীচাশয়, সামান্য বিষয়ে লোভ।
পদ্মেশয় —বিষ্ণু।
অনুশয় —অনুতাপ, পূর্ব্ববৈর, দীর্ঘদ্বেষ, অনুসর৹
উপশয় —গর্ত্ত বিং, বিরামজনক।
পাপাশয় —পাপিষ্ঠ, দুরাশয়, দুরাত্মা।
দিবাশয় —যে দিবসে নিদ্রা যায়।
নির্ব্বিষয় —যাহা ইন্দ্রিয়ের গ্রাহ্য নহে
গর্ভাশয় —জরায়ু, গর্ভশয্যা।
আমাশয় —আমস্থলি, রোগ বিং।
দুরাশয় —পাপ, দুষ্টাভিপ্রায়, দুরাকাঙ্ক্ষ, ক্রূর
ধরাশয় —ভূমে পতিত।
জলশয় —বিষ্ণু, নারায়ণ।
জলাশয় —সাগর, নদ, নদী, সুগন্ধ ঘাস বিং
খলেশয় —খলিশামাছ।
জলেশয় —মাছ, মৎস্য, সমুদ্র।
অসংশয় —নিঃসন্দেহ, নিশ্চয়।
কুশেশয় —পদ্ম, সারসপাখী, কর্ণিকাতরু।
গুহাশয় —অজ্ঞান, ব্যাঘ্র প্রভৃতি জন্তু, জীবাত্মা।
মহাশয় —মহাত্মা, বদান্য, দাতা, ভদ্রলোক; সমুদ
সবিস্ময় —বিস্ময়যুক্ত, বিস্ময়াপন্ন, আশ্চর্য্যান্বিত
শ্বেতহয় —অর্জ্জুন, ইন্দ্রঘোটক।

হরিহয় —দেবরাজ, ভানু, কার্ত্তিকেয়, গণেশ।

অয়—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

ক্রয়বিক্রয় —বাণিজ্য, বেচাকেনা।
স্বকুলক্ষয় —মৎস্য, নিজ বংশ নাশ।
:স্থিসঞ্চয় —৪র্থ দিবসে মৃতব্যক্তির অস্থিসঞ্চয় করণ।
তনিশ্চয় —যে নিশ্চয় করিয়াছে।
ক্ষিকাশ্রয় —মৌচাক, সিক্থক, মোম।
স্থিকাশ্রয় —নৈকট্যাশ্রয়, সন্নিপস্থ।
তলকাশ্রয় —ললাটদেশ।
মৎকাশ্রয় —মৎকুণ, ছারপোকা।
পর্ব্বতাশ্রয় —শরভ, অষ্টাপদ মৃগ বিং, পর্ব্বতবাসী।
অন্যোন্যাশ্রয়—তর্ক দোষ বিং, পরস্পর সম্বন্ধ।
জনমেজয় —বিষ্ণু, পরীক্ষিত পুত্র।
ভেদপ্রত্যয় —দ্বৈতজ্ঞান।
দিবসাত্যয় —সায়ংকাল।
অবস্থাত্রয় —জাগ্রত, স্বপ্ন ও সুষুপ্তি।
লবণত্রয় —সৈন্ধব, বিড়্ ও কর্কচ্।
অরুণোদয় —সূর্য্যোদয়ের প্রাক্কাল।
অয়োহৃদয় —নির্দ্দয়।
ভীরুহৃদয় —মৃগ, হরিণ।
তলহৃদয় —পদতলের মধ্যভাগ, পায়ের তেলো।
নাসিকন্ধয় —যে নাসিকা দ্বারা পান করে, হস্তী।

ছায়াতনয় —শনিগ্রহ, শনৈশ্চর।

অর্কতনয় —কর্ণ, মনু, শনি, যম, সুগ্রীব।

সূর্য্যতনয় —যম, শনি, মনু বিং, সুগ্রীব, বালী, কর্ণ।

রাধাতনয় —কর্ণ।

রবিতনয় —যম, সুগ্রীব, সাবর্ণি ও বৈবস্বত মনু।

কালীতনয় —মহিষ।

দোহাপনয় —দুগ্ধ।

গোতমান্বয়—শাক্য মুনি।

সহস্রাবয় —৫০০ হইতে ১০০০ অবধি জরিমানা।

প্রয়াগভয় —দেবরাজ, শক্র, ইন্দ্র।

অকুতোভয় —ভয় রহিত, সাহসী।

কনকাহ্বয় —ধুস্তুর বৃক্ষ, নাগকেশর।

শোণিতাহ্বয়—কুঙ্কুম, রক্তবর্ণ সুগন্ধি চন্দন বিং।

গজসাহ্বয় —হস্তিনাপুরী, দিল্লী।

হাটকময় —সুবর্ণময়, সুবর্ণ নির্ম্মিত।

স্ফটিকময় —স্ফটিকমণি নির্ম্মিত।

কনকময় —সুবর্ণ নির্ম্মিত, স্বর্ণময়।

নরকাময় —নিরয়, ব্যাধি, প্রেত, পিশাচ।

করুণাময় —দয়াময়, যাহার অতিশয় দয়া আছে।

জঠরাময় —জলোদর রোগ।

উদরাময় —উদর রোগ, পেটের পীড়া।

অনিলাময় —অজীর্ণরোগ, বাতরোগ।

পুষ্পসময় —বসন্তকাল।
কর্ম্মধারয় —সমাস বিং, বিশেষণ পদ ঘটিত সমাস।
পুলকালয় —কুবেরের নামান্তর।
মন্মথালয় —আম্র, যোনি।
মদনালয় —পদ্ম, যোনি, ভগ।
খণ্ডপ্রলয় —ক্ষুদ্র প্রলয়।
নিত্যপ্রলয় —জীবের অহরহঃ নাশ, সুষুপ্তি।
মহাপ্রলয় —ব্রহ্মাণ্ডের ধ্বংস, কল্পান্ত।
মকরালয় —সাগর, সমুদ্র।
ইন্দিরালয় —পঙ্কজ, অব্জ, পদ্ম।
সাগরালয় —বরুণ, জলাধিপতি।
অমরালয় —স্বর্গ, সুরলোক।
ত্রিদশালয় —সুমেরুগিরি, স্বর্গ, দেবধাম।
মানসালয় —রাজহংস, হাঁস।
পর্ব্বতাশয় —মেঘ, জলধর।
নিরতিশয় —অধিক, অত্যুৎকৃষ্ট, যৎপরোনাস্তি।
উৎপাদশয় —টিটির পাখী।
উত্তানশয় —অত্যন্ত শিশু, চিৎ হইয়া শয়িত।
নলিনেশয় —বিষ্ণু, নারায়ণ।
চক্ষুর্বিষয় —দর্শন, দৃষ্টির বিষয়ীভূত পদার্থ।
অল্পবিষয় —স্বল্পজ্ঞান বিশিষ্ট, সামান্য, মন্দ।
উদরশয় —যে উপুড় হইয়া শয়ন করে বা ঘুমায়।

পল্লাশয় —ফোড়া, গাঁড়, গণ্ডরোগ।
মনসিশয় —মনোভাব, মদন, কন্দর্প।

অয়—অন্ত। (৬) ষড়ক্ষর।

অনন্তবিজয় —রাজা যুধিষ্ঠিরের শঙ্খ।
দর্শবিপর্য্যয় —চন্দ্র।
ভাগ্যবিপর্য্যয়—দুর্ভাগ্য।
বৈশ্রবণোদয় —বটগাছ।
হরিণহৃদয় —ভীরু, ভীতস্বভাব।
তপনতনয় —কর্ণ, যম।
নন্দিনীতনয় —দৌহিত্র, ব্যাড়ি মুনি।
দাম্পত্যপ্রণয়—স্বামী এবং স্ত্রীর পরস্পর প্রণয়।
বিশ্ববিদ্যালয়—যে বিদ্যালয়ে সর্ব্ববিধ বিদ্যার চর্চ্চা হয়।
বৈশ্রবণালয় —কুবেরালয়, যক্ষরাজপুরী।
পাতালনিলয়—স্বর্গ, দৈত্য, দানব, দনুজ।
নৈমিত্তিপ্রলয়—ব্রহ্মারদিবাবসাননিমিত্ত বিশ্বের ধ্বংস।
প্রাকৃতপ্রলয় —মহাপ্রলয়, প্রকৃতির নাশ।
অবসরালয় —নিশার্দ্ধভাগ, নিশীথকাল।
অবমূর্দ্ধশয় —অধোমুখশায়ী।

অয়—অন্ত। (৭) সপ্তাক্ষর।

আদর্শবিদ্যালয়—যেখানে শিক্ষাপ্রণালী দেখান হয়।
ব্যবহারবিষয় —বাদী কর্ত্তৃক রাজাকে নিবেদন।

অয়—অন্ত। (৮) অষ্টাক্ষর।

অকালজলদোদয়—অসময়ে মেঘোদয়, কুয়াসা।
ক্রয়বিক্রয়ানুশয় —অষ্টাদশবিবাদান্তর্গত কলহ বিং।

অয়—অন্ত। (৯) নবাক্ষর।

সামরিকবিচারালয়—সৈন্য সম্বন্ধীয় বিচার স্থান।

আয়—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ক্ষ্মায়্—(ধা) কম্পন—ক্ষ্মায়িত, ক্ষ্মা।
তায়্ —(ধা) পালন কৃ—তায়ন, তায়িত, তোয়।
দায়্ —(ধা) দান কৃ—দায়িত, দায়ী, দায়, দায়ন।
প্যায়্--(ধা) বৃদ্ধি—আপ্যায়ন, পীন, আপ্যায়িত।
স্ফায়্—(ধা) ঈ, বৃদ্ধি পাওয়া।
আয় —ধনাগম, প্রাপ্তি, লাভ, উপস্বত্ব, অন্তঃপুররক্ষী।
কায় —স্বাভাবিকঅবস্থা,দেহ, ব্রহ্মা, প্রাজাপত্যোদ্বাহ।
চায় —সমূহ, (দেং) প্রার্থনা করা।
শ্রায় —আশ্রয়, অবলম্বন, লক্ষ্মী সম্বন্ধীয়।
দায় —পৈতৃক ধন, বৈবাহিক ধন, বিপত্তি, উৎপাত।
ধায় —ধারণ কর্ত্তা, পালন কর্ত্তা।
নায় —প্রাপণ, নীতি, নয়, নিয়ম, লোচন।
ন্যায়—ঔচিত্য, নীতি, তর্কশাস্ত্র, যুক্তিমূলক দৃষ্টান্তবিং।
পায় --জল। (দেং) প্রাপ্ত হওয়া।
প্রায়--অনশন মৃত্যু, বয়স্, পাপ, তুল্য, বাহুল্য।

স্ফায়—(ধা) স্ফীত, স্ফায়ন, ফেন।

বায়—পবন।

মায়—(যাং) সহিত, সহ।

রায়—(দেং) উপাধি বিং, (যাং) মত।

সায়—সন্ধ্যাকাল, শেষ, নাশ, বাণ।

হায়—খেদসূচক শব্দ।

প্রায়ঃ—তপস্যা, বাহুল্যরূপে।

সায়ং—শেষ, নাশ, বাণ, সন্ধ্যাকাল।

আয়—অন্ত। (৩) ত্র্যক্ষর।

আকায়—নিবাস, চিত্ত, শ্মশানাগ্নি, চিতা।

নিকায়—গৃহ, সমূহ, লক্ষ্য, স্বধর্ম্মী, প্রাণী সমূহ।

প্রচায়—হস্ত দ্বারা দ্রব্যাদির জড়করণ।

বিচ্ছায়—মণি, ছায়াভাব, পক্ষীর ছায়া।

উচ্ছ্রায়—উচ্চতা, উন্নতি।

বজায়—(যাং) স্থিরতর।

পর্য্যায়—পালা, ক্রম, পরিবর্ত্তন।

সংস্ত্যায়—বিস্তার, নিবিড়, সন্নিবেস, ঘর, গণ।

কোথায়—কোন স্থানে।

তথায়—(দেং) সেইখানে।

আদায়—(যাং) গ্রহণ, লওন, প্রাপণ।

বিদায়—বিসর্জ্জন, গমনানুমতি দান।

সুদায়—যৌতুকাদি দান।

অধ্যায় —গ্রন্থের পরিচ্ছেদ, সর্গ, স্কন্ধ, পর্ব্ব, আহ্নিক।
স্বাধ্যায় —স্বকৃত জন্য আবৃত্তি করিয়া বেদাধ্যয়ন, বেদ।
আনায় —যাহা দ্বারা মৎস্যাদি ধরা যায়, জাল।
উন্নায় —উন্নতি, উর্দ্ধ্বনয়ন, উত্থান।
অন্যায় —অনৌচিত্ত, ন্যায় বহির্ভূত, অবিচার।
আম্নায় —বেদ, কুলাচার, অভ্যাস, গুরু উপদেশ।
অপায় —নাশ, ধ্বংস, বিশ্লেষ, পলায়ন, অপগম।
উপায় —সাম, দান, ভেদ, দণ্ড, প্রতিকারের পথ।
ব্যপায় —অপনয়ন, বিনাশ।
ধ্যবায় —তেজঃ।
প্রহ্বায় —আহ্বান, স্তব।
অমায় —যথার্থ, অকপট, সরল।
চিরায় —বহুকাল, অনবরত।
কলায় —মটর, কলাই।
কুলায় —নীড়, পাখীর বাসা, দেহ।
কষায় —কষা রস, ক্বাথ, রঙ্, সুশ্রাবা, সুরভি।
কাষায় —কষায় যুক্ত, ঈষৎ রক্তবর্ণ দ্বারা রঞ্জিত।
বসায় —ইচ্ছা, অভিপ্রায়।
বিশায় —প্রহরীদিগের পর্য্যায় ক্রমে শয়ন।
সহায় —সহকারী, সহচর, মুরব্বি, অনুকূল।
অহ্নায় —ঝটিতি, শীঘ্র, তৎক্ষণাৎ।

আয়—অন্ত। (৪) চতুরক্ষর।

সওয়ায় —(যাং) ব্যতীত।

অগ্রকায় —পূর্ব্বকায়, দেহের পূর্ব্বভাগ।

লঘুকায় —অজ, ছাগল, ক্ষুদ্র দেহ।

ঋজুকায় —কশ্যপ মুনি, অবক্র শরীর।

চিত্রাকায়--চিত্রক, চিতাবাঘ।

অতিকায় —প্রকাণ্ড শরীর, রাবণপুত্র।

প্রতিকায় —প্রতিমা, প্রত্যেক দেহ, অনুরূপ, লক্ষ্য।

ঊর্দ্ধ্বকায় —শরীরের প্রথমাংশ।

স্বর্ণকায় —গড়ুর, সুবর্ণময় শরীর।

পূর্ব্বকায় —নাভির উপর শরীরের অর্দ্ধাংশ।

অংশুকায় —প্রবাল কীট, তারা মৎস্য।

মহাকায় —শিবের দ্বার পাল, নন্দী, হস্তী।

উরুগায় —বিষ্ণু, শ্রীকৃষ্ণের নামান্তর।

বৃক্ষচ্ছায় —বৃক্ষের ছায়া।

অপচ্ছায় —ছায়া শূন্য, ভূতযোনি।

সমুচ্ছ্রায় —উচ্চতা, উৎসেধ, বৃদ্ধি।

স্থিরচ্ছায়—পথ পার্শ্বস্থিত ছায়া, প্রধান তরু।

অপর্য্যায় —বিশৃঙ্খলা নিয়ম বা বন্দোবস্তাভাব।

বিপর্য্যয় —ব্যত্যয়, বৈপরীত্য, ব্যতিক্রম।

সম্প্রদায় —সমাজ, গুরুপরম্পরাগত সদুপদেশ, দল।

সমুদায় —সমগ্র, সংগ্রাম, পশ্চাদ্ভাগস্থিত সৈন্য।

ব্রহ্মদায় —বেদধ্যয়নানন্তর প্রাপ্ত ব্রাহ্মণ ধন।
পরিধায় —জনস্থান, নিতম্ব, পরিচ্ছেদ।
অনধ্যায় —অধ্যয়নাভাব,
উপাধ্যায় —অধ্যাপক, উপদেশক।
গোলাধ্যায়—গণিতশাস্ত্রের বিভাগ বিং।
অস্বাধ্যায় —অধ্যয়ন নিষিদ্ধ কাল।
উপনায় —যজ্ঞ সূত্র ধারণ সংস্কার বিং।
পরিণায়
পরীণায় } চারিদিগে পাশার গুটীচালা, বিবাহ
সমাম্নায় —শাস্ত্র বিং।
অনপায় —অক্ষয়, অবিনাশ্য, স্থায়ী।
অভ্যুপায়—স্বীকার, সদুপায়।
নিরপায় —অনুদ্বেগ, নির্ব্বিঘ্ন, রক্ষা।
নিরুপায় —উপায়হীন।
প্রিয়প্রায়—প্রিয় বাক্য, চাটুবাদ।
অভিপ্রায়—আশয়, হৃদয়গতভাব, তাৎপর্য্য, মত
নড়প্রায় —নলবহুলপ্রদেশ, যেথানেক নল জন্মাঃ
জলপ্রায় —জলময় দেশ।
প্রত্যবায়—বাধা, বিঘ্ন, ব্যাঘাত
তন্ত্রবায় —তাঁতি।
তন্তুবায় —তাঁতি।
অন্ববায়—বংশ, কুল।

সমবায় —সমূহ, নিত্য সম্বন্ধ, সম্বন্ধ বিং।

গতমায় —মমতা শূন্য, নিষ্ঠুর।

ধান্যমায় —ধান্য বিক্রেতা, যে ধান্য বিক্রয় করে।

অভিমায় —অভিভূত, ইতিকর্ত্তব্যতাবিমূঢ়।

ভূরিমায় —শৃগাল, কাপট্য, শঠতা।

অচিরায় —শীঘ্র, অল্পকাল।

অন্তরায় —প্রতিবন্ধক, বাধা।

পুনরায় —(দেং) পুনশ্চ, পুনর্ব্বার।

সম্পরায় —যুদ্ধ, সমর, আহব, সন্তান, আয়তি।

পঞ্চাম্লায় —শাস্ত্র বিং।

অকষায় —যাহা কটু নহে, সুস্বাদ, সুমিষ্ট।

কঙ্কশায় —কুকুর।

অবসায় —শেষ, সমাপ্তি, নিশ্চয়।

ব্যবসায় —বাণিজ্য, নিশ্চয়, পেশা, অনুষ্ঠান, ইচ্ছা।

অবশ্যায় —নীহার, হিম, অভিমান, গর্ব্ব।

অপহায় —পরিত্যক্ত, ব্যতীত, সেওয়ায়।

নিঃসহায় —একলা, অসহায়, নিরবলম্বন।

আয়—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

দেবনিকায় —দেবতা দিগের বাসস্থান, স্বর্গ।

মঙ্গলচ্ছায় —অশ্বথ গাছ।

শক্রপর্য্যায় —ইন্দ্রবাচক, কুটজ বৃক্ষ।

রথপর্য্যায় —বেতস বৃক্ষ, বেত গাছ।

চিররাত্রায় —চিরকাল, পুনঃ২, অনবরত।
জীবনোপায়—যাহা দ্বারা জীবন ধারণ করা যায়।
পরম্পরায় —(দেং) ক্রমে২, আনুপূর্ব্বী।
মাষকলায় —স্বনাম প্রসিদ্ধ শস্য বিং।
পঞ্চকষায় —জম্বু, বদর, বাট্যাল, শাল্মলি, বকুল।
অধ্যবসায় —দৃঢ়প্রযত্ন, উৎসাহ, নিশ্চয়।
বুদ্ধিসহায় —মন্ত্রী, পরামর্শ দাতা।
মধুসহায় —কামদেব, মদন, রতিপতি।
অগ্নিসহায় —বন কপোত, বন পায়রা, বায়ু।

আয়—অন্ত। (৬) ষড়ক্ষর।

অনিলপর্য্যায়--চক্ষুর পক্ষ্মের বেদনা ও স্ফীতি।
সন্নিহিতপ্রায়--ক্ষণেক, স্বল্পক্ষণ স্থায়ী, নিকটবর্ত্তী।

ইয়—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ক্রিয় —মেষ রাশি।
প্রিয় —রম্য, হৃদ্য, ময়ূর শিখা বৃক্ষ, মৃগ বিং, স্বামী।
স্বীয় —স্বকীয়, নিজ, আত্মীয়।

ইয়—অন্ত। (৩) ত্র্যক্ষর।

স্বকীয় —আপন, নিজ, স্বীয়।
অক্রিয় —কুকার্য্য, কুকর্ম্ম বিশিষ্ট, ক্রিয়ারহিত।
কুক্রিয় —মন্দ কর্ম্ম কারক, যে সর্ব্বদা দুষ্কার্য্যে রত।
তৎক্রিয়—তৎকর্ম্মকারক, বিনা বেতনে যে কাজ করে।

নিষ্ক্রিয় —নিরর্থক, ক্রিয়া শূন্য, নিষ্কর্ম্মা, পরব্রহ্ম।

অগ্রিয়
অগ্রীয় } প্রধান, জ্যেষ্ঠ ভ্রাতা।

যজ্ঞিয় —যজ্ঞ কর্ম্মের উপযুক্ত, দ্বাপর যুগ।

যজ্ঞীয় —যাগ সম্বন্ধীয়, উডুম্বর তরু।

বর্গীয় —বর্গ সম্বন্ধীয়।

স্বর্গীয় —স্বর্গ গত, স্বর্গ প্রাপ্ত।

স্বস্রীয় —ভগিনীর পুত্র।

রাষ্ট্রিয়
রাষ্ট্রীয় } নাটকে রাজ শ্যালক, রাজ্য সম্বন্ধীয়।

জাতীয় —জাতি সম্বন্ধীয়, জাতির মধ্যে অন্তর্নিবিষ্ট।

তৃতীয় —তিনের পূরক, দুয়ের পরস্থিত।

দ্বিতীয় —দুয়ের পূরক, দুই, যুগ্ম, পুত্র।

ক্ষেত্রিয় —পরদার রত ব্যক্তি, চিকিৎসা বিং।

পাত্রীয় —যজ্ঞপাত্র, পাত্র সম্বন্ধীয়।

পুত্রীয় —পুত্র সম্বন্ধীয়, পুত্র নিমিত্ত।

হোত্রীয়—হবির্গৃহ, হোত্র সম্বন্ধীয়।

আত্মীয় —আত্ম সম্বন্ধীয়, স্বকীয়, স্বজন, বন্ধু।

যদীয় —যাহার সম্বন্ধীয়।

ত্বদীয় —তোমার।

মদীয় —আমার, মৎসম্বন্ধীয়।

ইন্দ্রিয় —চক্ষু, কর্ণ ইত্যাদি, ১৪দশ ইন্দ্রিয়, বীর্য্য।

দানীয় —দেয় বস্তু সম্প্রদান, দানের যোগ্য।
স্নানীয় —স্নান যোগ্য, স্নানার্থ জল।
পানীয় —জল, পেয়, পান যোগ্য, রক্ষণীয়।
বিনীয —কল্ক, খইল, পাপ।
অপ্রিয় —অনিষ্ট, নিন্দা, মৎস্য বিং, নির্দ্দয়।
বপ্রিয় —অপ্রিয়, অপকার, অপরাধ।
দৃক্প্রিয়—শোভা, চাকচিক্য।
অভ্রিয় —মেঘ ও অভ্র সম্বন্ধীয়, মেঘোৎপন্ন, বজ্র।
কর্ম্মীয় —নানাবর্ণ, চিত্রিত।
তিরিয় —ধান্য বিং।
তুরীয় —ঈশ্বর, পরব্রহ্ম।
ধুরীয় —ষণ্ড, বৃষ, ভারবহন যোগ্য।
রাঢ়ীয় —রাঢ় দেশীয়।
কালীয় —স্বর্ণ বিং।
কালীয় —কৃষ্ণ চন্দন, কৃষ্ণ বর্ণ সম্বন্ধীয়।
দেশীয় —দেশ জাত, দেশ সম্বন্ধীয়।
বংশীয় —সৎকুলোৎপন্ন, সম্ভ্রান্ত, ছদ্মবেশী।
অশ্বীয় —অশ্ব সমূহ, অশ্ব হিতকারী, অশ্ব সম্বন্ধীয়।
আশ্বীয় —ঘোটক সমূহ।

ইয়—অন্ত। (৪) চতুরক্ষর।

নায়কীয় —নায়ক নায়িকা সম্বন্ধীয়।
রাজকীয় —রাজ সম্পর্কীয়।

নাটকীয় —নাটক সংক্রান্ত।
আত্মকীয়—আত্মীয়, স্বীয়।
পরকীয় —অপরের সম্বন্ধীয়, অন্যের।
নড়কীয় —নল বহুল প্রদেশ, শরময়।
কৃতক্রিয় —কৃতার্থ, বিদ্বান্, কৃত কর্ম্ম, কৃতকার্য্য।
চিরক্রিয় —দীর্ঘসূত্রী, চিরকারী, গৌণে কার্য্যকারী।
জড়ক্রিয় —গৌণে যে কার্য্য করে, দীর্ঘসূত্রী।
সম্পর্কীয় —সম্বন্ধ বিশিষ্ট, সংক্রান্ত।
আমিক্ষীয়—আমিক্ষার জনক দধি, আমিক্ষা জাত।
কুশাগ্রীয় —কুশাগ্রের ন্যায় সূক্ষ্ম, অতি তীক্ষ্ণ।
বিজাতীয় —বিভিন্ন ধর্ম্মাক্রান্ত, বেদল।
সজাতীয় —এক জাতীয়, এক ধর্ম্মাক্রান্ত, একবিধ।
অদ্বিতীয় —দ্বিতীয় রহিত, অনুপম, ব্রহ্ম।
যাবতীয় —সমুদায়।
পর্ব্বতীয় —পাহাড়িয়া, পর্ব্বত সম্বন্ধীয়।
পার্ব্বতীয় —পর্ব্বতোৎপন্ন, শৈলেয়, পর্ব্বত সম্বন্ধীয়।
আরাতীয়—নিকটবর্ত্তী, দূরস্থ।
অশ্রোত্রিয়—বেদাধ্যয়ন হীন ব্রাহ্মণ।
অশাস্ত্রীয় —শাস্ত্র বিরুদ্ধ, অবৈধ।
ভবদীয় —আপনার, যুষ্মদ সম্পর্কীয়।
নারদীয় —নারদ সম্বন্ধীয়, উপপুরাণ বিং।
শারদীয় —শরৎকাল সম্বন্ধীয়, শরৎকাল জাত।

অস্মদীয় —আমাদের সম্বন্ধীয়।
যুস্মদীয় —তোমাদের সম্বন্ধীয়, তোমাদের।
সমুদ্রীয় —সমুদ্র সম্পর্কীয়।
পঞ্চেন্দ্রিয়—পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়।
অতীন্দ্রিয়—অপ্রত্যক্ষ্য, ইন্দ্রিয়ের অগ্রাহ্য।
জিতেন্দ্রিয়—যে ইন্দ্রিয় জয় করিয়াছে, তপস্বী।
বুদ্ধীন্দ্রিয় —জিহ্বা, মনঃ, চক্ষু, শ্রোত্র, নাসিকা ও ত্বক্।
জ্ঞানেন্দ্রিয়-চক্ষুঃ, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্ ও মনঃ।
ঘ্রাণেন্দ্রিয়--নাসিকা।
কর্ম্মেন্দ্রিয়—বাক্, পাণি, পাদ, পায়ু, উপস্থ।
চালেন্দ্রিয়—জিতেন্দ্রিয়।
গোনর্দ্দীয়—পানিনি মুনি।
আয়ুধীয় —শস্ত্রধারী, শস্ত্রজীবি, সৈনিক।
ঔষধীয় —ঔষধ সম্পর্কীয়।
শয়নীয় —শয্যা, শয়নের স্থান।
অঙ্কনীয়—চিত্র করণার্হ, অঙ্কন যোগ্য।
শঙ্কনীয়—আশঙ্কার যোগ্য, সন্দেহ স্থল।
লেখনীয়—লিখিতব্য, লিখিবার উপযুক্ত।
দক্ষিণীয়—দক্ষিণা প্রাপ্তীর যোগ্য।
প্রেক্ষণীয়—দ্রষ্টব্য, দর্শনীয়।
ভক্ষণীয়—ভোজ্য, ভক্ষণ যোগ্য, আহার্য্য।
রক্ষণীয়—রক্ষা করিবার উপযুক্ত, আশ্রয়ার্হ।

ে ক্ষণীয় —দর্শনীয়, অনুভব যোগ্য।
শিক্ষণীয় --শিক্ষা করিবার যোগ্য, উপদেষ্টব্য।
শ্লাঘনীয়—প্রশংসনীয়, আশ্বাস্থ, স্পৃহনীয়, প্রশস্ত।
যাচনীয়—প্রার্থনীয়, ভিক্ষণীয়।
বচনীয় —নিন্দনীয়, কথনীয়, বাচ্য, নিন্দা।
সূচনীয় —জ্ঞাপনীয়, কথনীয়।
শোচনীয়—যাহাকে উদ্দেশ করিয়া শোক করা যায়।
বাঞ্ছনীয়—অভিলষনীয়।
পূজনীয় —পূজার যোগ্য, আধার।
বর্জ্জনীয় —বর্জ্জনের যোগ্য, ত্যজ্য, রমণীয়।
মার্জ্জনীয়—ক্ষমার যোগ্য, অগ্নি শোধন।
পঠনীয় —পড়িবার যোগ্য, পাঠ্য।
খণ্ডনীয় —যাহা খণ্ডন করা যায়, খণ্ডনের যোগ্য।
দণ্ডনীয় —দণ্ডার্হ, দণ্ড দিবার যোগ্য।
কীর্ত্তনীয়—কথনীয়, বর্ণনার যোগ্য, গণনার যোগ্য।
কথনীয় —বক্তব্য, কথ্য, কহিবার যোগ্য।
প্রার্থনীয়—যাচিতব্য, প্রার্থনার যোগ্য।
বেদনীয় —জ্ঞেয়।
নিন্দনীয় —অপ্রশংস্য।
বন্দনীয় —নমস্থ, পূজনীয়।
বোধনীয়—জানিবার যোগ্য।
সাধনীয় —সাধন যোগ্য।

শোধনীয়—শোধনের যোগ্য।

গননীয় —গণনার যোগ্য, গ্রাহ্য।

গুণনীয় —যে অঙ্কের গুণ করিতে হইবে, গুণ্য।

বর্ণনীয় —বর্ণন যোগ্য।

মাননীয় —পূজ্য, মান্য।

পাণিনীয় —পাণিনী কর্তৃক রচিত ব্যাকরণ।

ক্ষেপণীয়—ক্ষেপণ করিবার যোগ্য, অস্ত্র বিং।

গোপনীয়—অপ্রকাশ্য, গোপ্য।

তপনীয় —কাঞ্চন, স্বর্ণ।

তাপনীয়—সুবর্ণ নির্ম্মিত, সৌবর্ণিক।

শ্রবণীয় —শ্রোতব্য, শুনিবার যোগ্য।

জীবনীয় —জল।

লোভনীয়—লোভজনক, কাম্য।

কমনীয় —সুশ্রী, মনোহর।

নমনীয় —নমনের যোগ্য, যাহাকে নোয়ান যায়।

রমণীয় —সুন্দর, মনোহর।

দমনীয় —শাসনীয়, দমন যোগ্য।

করণীয় —কর্ত্তব্য কার্য্য, যাহা করা উচিত।

ধারণীয় —ধারণ যোগ্য, রক্ষণীয়।

বরণীয় —প্রার্থনীয়, বরণ যোগ্য, শ্রেষ্ঠ।

বারণীয় —নিবারণ যোগ্য।

হরণীয় —[illegible]।

স্মরণীয় —স্মরণের যোগ্য, স্মর্ত্তব্য।
পালনীয় —প্রতিপাল্য, পালন যোগ্য।
দর্শনীয় —সুদৃশ্য, দর্শন যোগ্য, মনোজ্ঞ।
শাসনীয় —শিক্ষনীয়, শাসনের যোগ্য।
গ্রহণীয় —গ্রহণ যোগ্য।
দহনীয় —দাহ্য, জ্বলনীয়।
বহনীয় —ধারণ যোগ্য, বহন যোগ্য।
মহনীয় —মান্য, পূজনীয়, মহৎ।
সহনীয় —সোঢ়ব্য, সহ্য করিবার যোগ্য।
হয়প্রিয় —শস্য বিং, যব।
মুখপ্রিয় —নারঙ্গ লেবু, মুখোরোচক, সুস্বাদু।
দ্বিজপ্রিয় —ব্রাহ্মণদিগের প্রিয়, লতা বিং।
নাট্যপ্রিয় —শিব।
প্রতিপ্রিয় —প্রত্যুপকার, উপকারীর উপকার।
রতিপ্রিয় —কাম, মদন।
বিদ্যুৎপ্রিয় —কাঁসা, কাংস্য।
স্বধাপ্রিয় —অগ্নি, পিতৃলোক্, কৃষ্ণতিল।
মধুপ্রিয় —বলরাম, বৃক্ষ বিং, ভূমি জম্বু, অলি।
জনপ্রিয় —লোকের তৃপ্তিকর, মনোরম।
বনপ্রিয় —কোকিল, দারুচিনী, ত্বক্।
রণপ্রিয় —শ্যেন পক্ষী, যোদ্ধা, বেণার মূল।
জ্যোৎস্নাপ্রিয়—চকোরপাখী।

ফণিপ্রিয় —বাতাস, অনিল, বায়ু।
শনিপ্রিয় —শনৈশ্চর, গৃহের রম্য বস্তু, মণি বিং।
বিপ্রপ্রিয় —পলাশ বৃক্ষ, রাম।
কপিপ্রিয় —আমড়া গাছ, কয়েদ বেল গাছ।
শিবাপ্রিয় —ভগবতীর প্রিয়, অজ, ছাগল।
রবিপ্রিয় —রক্ত কম্বল, করবীর, লকুচ, মান্দার।
যমপ্রিয় —বট বৃক্ষ।
রমাপ্রিয় —পদ্ম, লক্ষ্মীপতি, নারায়ণ।
খরপ্রিয় —পারাবত, কবুতর।
সুরপ্রিয় —ইন্দ্র, বৃহস্পতি।
হরিপ্রিয় —কদম্ব তরু, শিব, বাতুল, বর্ম্ম।
মরুপ্রিয় —উট, উষ্ট্র।
জলপ্রিয় —মৎস্য, চাতক পাখী।
পলপ্রিয় —দ্রোণ কাক, দাঁড় কাক।
কলিপ্রিয় —নারদ, বিভীতক বৃক্ষ, বানর, কলহপ্রিয়।
হলিপ্রিয় —কদম্ব তরু।
বর্ষপ্রিয় —চাতক পাখী।
স্নেহপ্রিয় —প্রদীপ।
স্বাহাপ্রিয় —অগ্নি, হুতবহ।
বায়বীয় —বায়ু সম্বন্ধীয়, বায়ুকোণ।
মধ্যমীয় —মধ্যম, মাঝারি।
সারমীয় —সর্ব্বোৎকৃষ্ট।

আকরীয় —আকর জাত, আকরোৎপন্ন।
নগরীয় —নগরস্থ, নগরোৎপন্ন।
অঙ্গুরীয় —আংটী, অঙ্গুলী ভূষণ।
মার্জ্জারীয় —বিড়াল, শূদ্র, শরীর পরিষ্কার।
উত্তরীয় —উর্দ্ধ্ব দেহ ধারণীয় বস্ত্র, উড়াণী।
অন্তরীয় —অধোবস্ত্র, ধুতি প্রভৃতি।
তৈত্তিরীয় —যজুর্ব্বেদীয় শাখা বিং।
মার্জ্জালীয় —বিড়াল, শূদ্র, শরীর পরিষ্কার।
বৈতালীয় —ছন্দ বিং।

ইয়—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

অচিরক্রিয় —যে দীর্ঘসূত্রী নহে, শীঘ্র কর্ম্মী।
মাতৃষ্বস্রীয় } মাসতো ভাই।
মাতৃস্বস্রীয়
একজাতীয় —তুল্যরূপ।
অভ্যমিত্রীয় —সম্মুখ যোদ্ধা।
পিতৃষ্বস্রীয় } পিসীর পুত্র, পিস্তত ভাই।
পিতৃস্বস্রীয়
নিয়তেন্দ্রিয় —যে ব্যক্তি ইন্দ্রিয় দমন করিয়াছে, বশী।
সংযতেন্দ্রিয় —জিতেন্দ্রিয়।
রসনেন্দ্রিয় —রসনা, জিহ্বা।
বিকলেন্দ্রিয় —যাহার ইন্দ্রিয় অবশ।

অশ্বমেধীয় —অশ্বমেধ সম্বন্ধীয়, মেধ্য অশ্ব।
গৃহমেধীয় —গৃহ সম্বন্ধীয়।
বিলোকনীয়—দর্শনীয়, সুদৃশ্য।
পরিক্ষণীয় —পরীক্ষা করিবার যোগ্য।
বিবেচনীয় —বিবেচনার যোগ্য, বিবেচ্য।
অশোচনীয় —শোকের অযোগ্য।
প্রয়োজনীয় —কার্য্যোপযোগী, আবশ্যক, উপযুক্ত।
বিভজনীয় —ভজনার্হ, বিভাগ যোগ্য।
বিসর্জ্জনীয় —ত্যাজ্য, বিসর্গ।
অঘটনীয় —যাহা ঘটিয়া উঠিবার নহে।
অখণ্ডনীয় —অবিভাজ্য, অচ্ছেদ্য, অভেদ্য।
অচিন্তনীয় —অভাবনীয়।
ব্যবস্থানীয় —বিধি প্রতিপাদ্য।
উপধানীয় —বালিশ, প্রণয়, বিষ, উৎকর্ষ।
উপাধ্মানীয় —ওষ্ঠোচ্চার্য্য, গজকুম্ভাকৃতি বর্ণ।
অগণনীয় —অসংখ্য, অগ্রাহ্য, হেয়।
অগোপনীয়—গোপনাভাব, প্রকাশ্য।
অভাবনীয় —ভাবনাতীত।
আহবনীয় —যজ্ঞাগ্নি বিশে[illegible]
আচমনীয় —মুখ প্রক্ষালনের জল, খাদ্যদ্রব্য।
উদ্গমনীয় —ধৌত বস্ত্র যুগল, সাদরে গ্রহণ যোগ্য।
বিচারণীয় —শাস্ত্র, বিবেচনার্হ, বিচারের উপযুক্ত।

নিবারণীয় —নিবারণ করিবার যোগ্য।
অবারণীয় —দুর্ব্বার, বারণাশক্য।
অকরণীয় —করণের উপযুক্ত নহে, অশক্য।
প্রশংসনীয় —সুখ্যাতি ভাজন, প্রতিষ্ঠা যোগ্য।
গোময়প্রিয় —করক, কোড়ক ছাতা, বেঙের ছাতা।
তরঙ্গপ্রিয় —যব।
ষট্পদপ্রিয় —নাগকেশর তরু।
তোয়ধিপ্রিয়—যাহা সামুদ্রিক দেশে উৎপন্ন হয়, লবঙ্গ।
অঙ্গনাপ্রিয় —অশোক বৃক্ষ।
ললনাপ্রিয় —হ্রীবের বালা।
তাণ্ডবপ্রিয়—শিব, মহাদেব।
ভার্গবপ্রিয় —হীরক।
দাড়িম্বপ্রিয় —শুক পাখী।
ললামপ্রিয় —প্রণয়, বিম, উৎকর্ষ, ব্রত, ধারণ।
অভ্রমুপ্রিয় —পূর্ব্ব দিক্ হস্তী, ইন্দ্রের ঐরাবত হস্তী।
ভাস্করপ্রিয় —মণি বিং, চুণি।
তাপসপ্রিয় —পিয়াল বৃক্ষ।
আমিষপ্রিয় —কাক, বক, মাংসাভিলাসি।
বরিষাপ্রিয় —চাতক পাখী।
দেবানাম্প্রিয়—ছাগ, তাপস, জড়।
কড়ঙ্গরীয় —চুঁড়াখেকো, যে কুঁড়া খায়।
শালোত্তরীয়—পাণিনি, প্রসিদ্ধ বৈয়াকরণ।

শাকম্ভরীয় —লবণ বিং, শাকম্ভরি লবণ।
হরিকেলীয় —বাঙ্গলা দেশ।
কাকতালীয়—অকস্মাৎ কৃত, অকারণে কারণ বোধ।
জ্যেষ্ঠামূলীয়—জ্যৈষ্ঠ মাস।
জিহ্বামূলীয় —জিহ্বা মূলোচ্চারিত বর্ণ, ক,খ,গ,ঘ,ঙ।
টঙ্কদেশীয় —বেতুয়া শাক।
কন্যারাশীয়—লজ্জিত, সলজ্জ, আশ্বিন মাসীয়।

ইয়—অন্ত। (৬) ষড়ক্ষর।

পরিশঙ্কনীয় —শঙ্কা করিবার যোগ্য, ভয়ের কারণ।
অনির্ব্বচনীয় —বর্ণনার অসাধ্য, বাক্যাতীত।
অনাকর্ণনীয় —অশ্রোতব্য।
প্রত্যুদ্গমনীয়—ধৌত বস্ত্র যুগল, জোড়, পূজনীয়।
উপশমনীয় —যাহার উপশম করা যাইতে পারে।
পরিহরণীয় —ত্যাগ করণ যোগ্য, পরিহার্য্য।
অচিকিৎসনীয়—অপ্রতীকার্য্য, দুশ্চিকিৎস্য দুঃসাধ্য।
অভিলষণীয় —অভিলাষ করিবার যোগ্য, বাঞ্ছনীয়।
বিশ্বামিত্রপ্রিয়—নারিকেল গাছ।
পদ্মাবতিপ্রিয়—জরৎকারু মুনি, জয়দেব।
উপলধীপ্রিয় —চমর নামক বন জন্তু।
পণ্যাঙ্গনাপ্রিয়—বেশ্যাপ্রিয়, লম্পট।
নদীকূলপ্রিয়. —জলবেতস।
গৃহবলিপ্রিয় —ক্রৌঞ্চ, বক, কাক, চিল।

ইয়—অন্ত। (৭) সপ্তাক্ষর।

অনবমাননীয় —অনবজ্ঞেয়, অবজ্ঞার অযোগ্য, পূজ্য

অপরিহরণীয় —যাহা ত্যাগ করা যায় না।

অনন্তকরণীয় —পশ্চাৎ কর্ত্তব্য, যাহা পরে কর্ত্তব্য।

উয়—অন্ত। (২) দ্ব ক্ষর।

পূয় —(ধা) পূতি, পূতিকা, অপূপ।

পূয় —পূজ, দুর্গন্ধ রক্ত, ক্লেদ।

ভূয়ঃ—প্রচুর, অধিক, আধিক্য, বারম্বার।

উয়—অন্ত। (৩) ত্র্যক্ষর।

আপূয়—পরিপূর্ণতা, আতিশয্য।

কুপূয়—কুৎসিত, জাতি ও আচারাদি দ্বারা নিন্দিত।

উয়—অন্ত। (৪) চতুরক্ষর।

দেবভূয়—দেবত্ব, দেব সাযুজ্য, নিজকে দেবতা জ্ঞান।

ব্রহ্মভূয়—ব্রহ্ম সাযুজ্য, ঈশ্বর উপাসক।

রাজসূয়—রাজ যজ্ঞ বিং, পথ, ধান্য বিং, পর্ব্বত বিং।

এয়—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ক্রেয় —কিনিবার বস্তু।

খেয় —পরিখা, গড়খাই, খাত, খনন যোগ্য।

গেয় —গান, গান যোগ্য।

জ্ঞেয়—জ্ঞাতব্য, বোধ গম্য।

জেয় —জেতব্য, যাহাকে জয় করা যায়।
স্তেয় —অপহরণ, চুরি করণ।
স্থেয় —স্থিরতর, স্থিতিশীল।
দেয় —পরিশোধ, দান যোগ্য, উপযুক্ত।
ধেয় —ধারণ যোগ্য, ধারণীয়।
পেয় —পানীয়, পান যোগ্য, দধি, দুগ্ধ, অন্ন বিং।
মেয় —পরিমাণ যোগ্য, উপযুক্ত।
লেয় —সিংহ রাশি।
গ্লেয় —গ্লানি যোগ্য।
হেয় —ত্যজ্য, তুচ্ছ, অপকৃষ্ট।
শ্রেয়ঃ—ধর্ম্ম, মুক্তি, শুভ, অতি প্রশস্ত।

এয়—অন্ত। (৩) ত্র্যক্ষর।

কৈকেয় —কেকয় দেশের রাজা।
অক্রেয় —ক্রয় করিবার অযোগ্য, আক্রা, মহার্ঘ্য।
বিক্রেয় —পণ্য, বিক্রয় যোগ্য।
দাক্ষেয় —ব্যাকরণ রচযিতা পাণিনি মুনি।
আখ্যেয় —কথনীয়।
ব্যাখ্যেয় —ব্যাখ্যা করিবার যোগ্য।
গাঙ্গেয় —ভীষ্ম, কার্ত্তিক।
বিজ্ঞেয় —জানিবার যোগ্য, জ্ঞাতব্য।
দুর্জ্ঞেয় —যাহা বহু কষ্টে জ্ঞাত হওয়া যায়।
প্রচেয় —বৰ্দ্ধনীয়, গ্রহণ যো

বিচেয় —অন্বেষণ যোগ্য, অন্বেষণীয়, অন্ন।
ধৌচেয় —ধোপা, রজক।
সঞ্চেয় —সঞ্চয়নীয়, সঞ্চয় করিবার যোগ্য।
অজেয় —দুর্জ্জয়, অজয়নীয়, অজেতব্য।
বিজেয় —জয় করিবার যোগ্য।
নাটেয় —নটীর সন্তান।
জ্ঞাতেয় —জ্ঞাতিত্ব, জ্ঞাতি ধর্ম্ম।
দৈতেয় —দিতি পুত্র।
লৌতেয় —মাকড়সা সমূহ।
দত্তেয় —ইন্দ্র, দেবরাজ।
আত্রেয় —অত্রি মুনির পুত্র, দুর্ব্বাসা, চন্দ্র।
মৈত্রেয় —মুনি বিং, বুদ্ধদেব, মিত্র সম্বন্ধীয়।
পাংক্তেয়—পংক্তি সম্বন্ধীয়।
শৌক্তেয় —মুক্তা, শুক্তি সম্বন্ধীয়।
কৌন্তেয় —কুন্তিপুত্র, যুধিষ্ঠিরাদি পঞ্চ ভ্রাতা, গাছ বিং।
অস্তেয় —সাধুতা।
পাথেয় —পথের সম্বল, পথ খরচ।
নাদেয় —নদী জাত, নদী সম্বন্ধীয়, কাশ তৃণ।
প্রদেয় —সম্প্রদান, বিতরণ, দান।
উদ্বেয় —বায়ুর সহিত মিশ্রণীয়।
ক্ষৌদেয় —ক্ষৌদ্র সম্বন্ধীয়, মোম।
আধেয় —স্থাপনীয় বস্তু, আধারস্থ, আশ্রিত।

গাধেয় —বিশ্বামিত্র ঋষি।
গৌধেয় —গোসাপের বাচ্চা।
যোধেয় —যোদ্ধা, সংগ্রাম কর্ত্তা।
যৌধেয় —যোদ্ধা, রণ কর্ত্তা।
নিধেয় —নিধান যোগ্য, স্থাপনীয়।
বিধেয় —বিধান যোগ্য, বশ্য, কথার বাধ্য, অধীন।
বৈধেয় —অজ্ঞ, মুর্খ, অজ্ঞান।
রাধেয় —রাধার পালিত পুত্র, কর্ণ।
সন্ধেয় —মিলিত হওনোপযুক্ত।
গণেয় —গণনার যোগ্য, গণনার্হ, গণনীয়।
ধানেয় —ধন্যা, ধনিয়া।
প্রণেয় —বশ্য, বশীভূত।
মৌনেয় —গন্ধর্ব্ব গণ বিং।
শৌনেয় —সাত্যকি, কৃষ্ণের সারথি।
আগ্নেয় —অগস্ত্য মুনি, নগর বিং, স্বর্ণ, অগ্নি পুরাণ।
নির্ণেয় —নির্ণয় করিবার যোগ্য।
উপেয় —প্রাপ্য, উপায় সাধ্য।
কাপেয় —কপি সম্বন্ধীয়, বানর সম্পর্কীয়।
প্রাপ্রেয় —গন্ধর্ব্ব গণ বিং।
চাম্পেয় —চম্পক, নাগ কেশর, চাঁপা ফুল।
গ্রৈবেয় —কণ্ঠ ভূষণ, গ্রীবা সংক্রান্ত।
অমেয় —পরিমাণের অযোগ্য।

জামেয় —ভাগিনেয়, ভগিনী সুত।

যামেয় —ভগিনী সুত।

নৈমেয় —বদল, পরিবর্ত্তন, বিনিময়।

প্রমেয় —প্রমিতির বিষয়, পরিমেয়, উপপাদ্য।

ঐরেয় —অন্নভব মদ, ধেনোমদ।

ক্ষৈরেয় —ক্ষীর সংক্রান্ত, ক্ষীর সংস্কৃত।

গৈরেয় —পর্ব্বতোৎপন্ন জিনিস, গিরিমাটী।

তারেয় —তারাপুত্র, অঙ্গদ।

ধৌরেয় —বৃষ, ষাড়, রথ ও লাঙ্গলাদি ভার বাহক।

মৈরেয় —মদ্য বিং।

কালেয় —দৈত্য বিং, কৃষ্ণ চন্দন, যকৃৎ।

কৌলেয় —সৎ কুল জাত।

দৌলেয় —কাছিম, কচ্ছপ, কূর্ম্ম।

প্রালেয় —তুষার, বরফ, শিশির।

বালেয় —পূজার যোগ্য, মৃদু, বালকের যোগ্য।

শালেয় —শালি জন্মিবার উপযুক্ত ক্ষেত্র, মৌরী।

শিলেয় —শৈলজ, শিলাজতু, পার্ব্বত্য।

শৈলেয় —শৈলজ গন্ধ জিনিস বিং, সিংহ, ভ্রমর।

কৌশেয় —রেশমী কাপড়।

কৌষেয় —রেশমী কাপড়।

দাসেয় —দাসী জাত পুত্র, বিদুর, দাস হইতে জাত।

আহেয় —সর্প সম্বন্ধীয়।

ব্রৈহেয় —ধান্য জন্মিবার উপযোগী ভূম্যাদি।
মাহেয় —মঙ্গলগ্রহ, নরকাসুর, প্রবাল, মৃণ্ময়।
অশ্রেয়ঃ —অমঙ্গল, অনর্থক, অনিষ্টকর।

এয়—অন্ত। (৪) চতুরক্ষর।

বৈত্রকেয় —বেত্র সম্বন্ধীয়।
কার্ত্তিকেয় —কুমার, ষড়ানন।
শৌক্তিকেয়—মুক্তা, শুক্তি সম্বন্ধীয়।
অম্বিকেয় —কার্ত্তিকেয়, গণেশ, ধৃতরাষ্ট্র।
আম্বিকেয় —অম্বিকার পুত্র, ধৃতরাষ্ট্র, কার্ত্তিকেয়।
কালকেয় —অতি দুর্দ্দান্ত ৬০০০০ অসুর গণ বিং।
বাসুকেয় —সর্পরাজ, বাসুকী।
অসংখ্যেয় —অগণ্য, অপরিমেয়।
প্রতিজ্ঞেয় —স্তুতিপাঠক, অঙ্গীকার্য্য, প্রতিজ্ঞার বিষয়।
প্রাতর্গেয় —প্রাতঃ কালের জ্ঞাতব্য, স্তুতিপাঠক।
পরিচেয় —অভ্যাসনীয়, পরিচয় যোগ্য।
গঙ্গাটেয় —চিঙ্গড়ী মাছ।
গাঙ্গটেয় —চিঙ্গড়ী মাছ।
কৌলটেয় —কুলটার পুত্র, জারজ।
মার্কণ্ডেয় —মুনি বিং।
আদিতেয় —অদিতির পুত্র, দেবতা।
বৈনতেয় —বিনতার পুত্র, গরুড়।
স্বাপতেয় —ধন, সম্পত্তি, বিভব, বসু।

বাসতেয় —বাস যোগ্য।
দত্তাত্রেয় —অত্রিমুনির পুত্র, ভগবানের অবতার বিং।
বৈমাত্রেয় —বিমাতার পুত্র বা কন্যা।
অপাঙ্‌ক্তেয়—পঙ্‌ক্তি বহির্ভূত।
আতিথেয় —অতিথি সেবক, অতিথি সেবার বস্তু।
ব্যবস্থেয় —বিধান যোগ্য, ব্যবস্থাপ্য।
প্রতিদেয় —প্রতিদান, ফিরিয়া দেওয়ার যোগ্য।
উপাদেয় —গ্রাহ্য, রমণীয়, উৎকৃষ্ট, উত্তম।
ভাগধেয় —অংশ, ভাগ, রাজকর, ভাগ্য, দায়াদ।
অন্বাধেয় —ভর্তৃ বা পিতৃ কুল হইতে লব্ধ স্ত্রীধন।
উপধেয় —শকটের চক্র, গাড়ীর চাকা।
অবিধেয় —অকর্ত্তব্য, অযোগ্য।
অভিধেয় —অভিধা, প্রতিপাদ্য, বাচ্য, নাম।
নামধেয় —নাম, নাম করণ, সংজ্ঞা, আখ্যা বাচক।
পরিধেয় —পরিধানের যোগ্য, পরিবার উপযুক্ত।
অশ্রদ্ধেয় —যাহা শ্রদ্ধা যোগ্য নহে, অনাদরণীয়।
ভাগীনেয় —ভগিনী পুত্র।
আজানেয় —সুজাতীয় অশ্ব।
আঞ্জনেয় —অঞ্জনার পুত্র, হনুমান।
আঞ্জিনেয় —সরীসৃপ, জন্তু বিং, আজনাই, আঞ্জিনে।
আবনেয় —অবনি পুত্র, মঙ্গল গ্রহ।

আভিনেয় —অভিনয় করিবার যোগ্য, নাট্য।
আশ্বিনেয় —স্বর্গ বৈদ্য, সহদেব এবং নকুলের নাম।
রৌহিণেয় —বলরাম, বুধগ্রহ, গোবৎস, মণি বিং
সৌপর্ণেয় —গরুড়।
কাশ্যপেয় —সূর্য্য, গরুড়।
পাণ্ডবেয় —পাণ্ডু রাজার পুত্র।
কাদ্রবেয় —কদ্রু তনয়, সর্প।
বাড়বেয় —বড়বা সম্বন্ধীয়, সমুদ্রীয় অগ্নি।
সৌরভেয় —বৃষ, বলী বর্দ্দ, ষাড়।
মুষ্টিমেয় —মুষ্টি দ্বারা পরিমেয়, অল্প পরিমাণ।
অনুমেয় —বিচার দ্বারা স্থির করিবার যোগ্য।
উপমেয় —উপমার বিষয়ীভূত।
দুষ্প্রমেয় —অপরিমেয়।
সারমেয় —কুকুর।
পরিমেয় —পরিমাণের যোগ্য।
গান্ধারেয় —গান্ধারীর পুত্র, দুর্য্যোধন প্রভৃতি।
দৌষ্কুলেয় —নিন্দিত বংশ জাত, দুষ্কুলোদ্ভব।
কৌশল্যেয় —রাম চন্দ্র।
বাহুলেয় —কার্ত্তিকেয়, ষড়ানন।
নৈকষেয় —নিকষা রাক্ষসীর পুত্র, রাবণ প্রভৃতি।
কাপিশেয়. —পিশাচ।
পৌরুষেয় —পুরুষ সমূহ, হত্যা, মানুষিক।

কালশেয় —যাহা কলসীতে মন্থন করিয়া জন্মায়।
কালসেয় — (ঐ)

এয়—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

পিতৃস্বস্রেয় —পিস্তুতো ভাই।
মাতৃস্বস্রেয় —মাসীর পুত্র, মাস্তুতো ভাই।
সাত্যবতেয় —সত্যবতী তনয়, বেদব্যাস, দ্বৈপায়ন।
বান্ধকিনেয় —অসতীপুত্র, জারজ, গোলক।
দৌর্ভাগিনেয়—দুঃখিনীর নন্দন।
সৌভাগিনেয়—সুভগা স্ত্রীর পুত্র।
কৌলটিনেয় —কুলটার পুত্র, জারজ।
পারস্ত্রৈণেয় —ক্ষেত্রজ পুত্র, অসতী সুত।
দুরপনেয় —যাহা দূরীকরণ কঠিন,
অনুপমেয় —যাহার উপমা দেওয়া যায় না।
শাকুন্তলেয়—শকুন্তলার পুত্র, ভরত রাজা।
শাকম্বালেয় —বামনহাটী গাছ।
ধৌতকৌষেয়—প্রক্ষালিত পট্ট বস্ত্র, পত্রোর্ণ।

এয়—অন্ত। (৬) ষড়ক্ষর।

অপ্রতিবিধেয় —অপ্রতীকার্য্য, অনিবার্য্য।
প্রাতিসমাধেয় —প্রতিকার্য্য।

এয়—অন্ত। (৭) সপ্তাক্ষর।

অপ্রতিসমাধেয়—অপ্রাতিকার্য্য, অনিবার্য্য।

ওয়—অন্ত। (২) দ্ব্যক্ষর।

তোয়—বারি, জল, পূর্ব্বাষাঢ়া নক্ষত্র।

ওয়—অন্ত। (৩) ত্র্যক্ষর।

কত্তোয়—মদ্য, মদ।

আ—অন্ত। (১) ত্রকাক্ষর।

আ —মহাদেব, সুখ দুঃখ বোধক শব্দ, সমুচ্চয়।

আ —(ধা) গ্রহণ করা।

আঁ —(দেং) উত্তর বোধক শব্দ।

আঃ—কোপ, পীড়া, তর্জ্জন, স্পর্দ্ধা, সুখ ও দুখ বোধক।

আং —স্বীকার, হাঁ, স্মরণ।

আঙ্—ঈষৎ, সীমা, ব্যাপ্তি।

অয়া—অন্ত। (২) দ্ব্যক্ষর।

গয়া—গয় রাজর্ষি পুরী, প্রসিদ্ধ তীর্থ স্থান।

জয়া—পার্ব্বতীর সখী, হরীতকী, তিথী বিং।

দয়া—স্নেহ, কৃপা, করুণা।

ময়া—রোগ প্রতিকার চেষ্টা, চিকিৎসা।

অয়া—অন্ত। (৩) ত্র্যক্ষর।

অক্ষয়া —তিথি ঘটিত যোগ বিং, অক্ষয়া তৃতীয়া।

মৃগয়া —বন পর্য্যটন পূর্ব্বক মৃগ বধ, আখেট, শিকার।

ঘোঙ্গয়া—(দেং) কণ্ঠের বিকৃতি ধ্বনি।

অজয়া —ভাঙ্গ, সিদ্ধি, দুর্গার সহচারিণী।

অভয়া —দুর্গা; হরীতকী।
সময়া —নিকটে, সমীপে, মধ্যে, কর্ত্তব্য।
প্রবয়াঃ—স্থবির, বৃদ্ধ, প্রাচীন।
সবয়াঃ —বয়স্য, স্নিগ্ধ, সহচর, সমসাময়িক লোক।
সুবয়াঃ—প্রৌঢ়া, প্রাচীনা।

অয়া—অন্ত। (৪) চতুরক্ষর।

দ্বিহৃদয়া —গর্ভিণী, অন্তঃসত্ত্বা।
পদ্মালয়া —লক্ষ্মী, পদ্মা, কমলা।
মহালয়া —আশ্বিনীয় অমাবস্যা।
গৃহাশয়া —তাম্বুলীলতা, পান গাছ।

অয়া—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

অর্কতনয়া —সূর্য্য কন্যা, তপতী; যমুনা।
গন্ধনিলয়া —নব মল্লিকা।
কমলালয়া —পদ্মালয়া কমলা।
উত্তানশয়া —অতি শিশু, চিৎ হইয়া শয়িত।

অয়া—অন্ত। (৬) ষড়ক্ষর।

ত্রৈলোক্যবিজয়া—সিদ্ধি, ভাঙ্গ, মাদকতা গুণবিশিষ্ট।
জনকতনয়া —জানকী, সীতা।
ক্ষীরোদতনয়া —লক্ষ্মী।
হিমাদ্রিতনয়া —পার্ব্বতী, দুর্গা।
ক্ষীরাব্ধিতনয়া —লক্ষ্মী।
লক্ষ্মীসমান্বিয়া —সীতা; জানকী।

আয়া—অন্ত। (২) দ্ব্যক্ষর।

আয়া—(যাং) পিতামহ, মাতামহ,দাসী, শিশুপালিকা।

কায়া—শরীর, দেহ।

জায়া—ভার্য্যা, পত্নী।

পায়া—(দেং) খট্টাদি ধারক, কর্ম্ম, পদ।

বায়া—(যাং) বিক্রয়কারী।

মায়া—যাহাতে বিশ্ব পরিমাণ করে, শঠতা, দয়া, যাদু।

হায়া—(যাং) লজ্জা, সরম।

যাক্সা—ভিক্ষা, যাচন, প্রার্থনা।

আয়া—অন্ত। (৩) ত্র্যক্ষর।

পণায়া—কেনা, বেচা, ক্রয় বিক্রয়।

কষায়া—ক্ষুদ্র দুরালভা লতা।

বেহায়া—নিলর্জ্জ, লজ্জাহীন।

আয়া—অন্ত। (৪) চতুরক্ষর।

গজচ্ছায়া—তিথি নক্ষেত্রর যোগ বিং।

প্রতিচ্ছায়া—প্রতিকৃতি, প্রতিমূর্ত্তি, চিত্র, সদৃশ।

উপাধ্যায়া—বিদ্যা শিক্ষা দায়িনী, অধ্যাপকের পত্নী।

অশনায়া—ক্ষুধা, ভক্ষণেচ্ছা, বুভুক্ষা।

জালপ্রায়া—সাজোয়া, কবচ।

যোগমায়া—ভগবতী, দুর্গা, মহামায়া।

মহামায়া—দুর্গা, অবিদ্যা, সংসারের মমতা।

ইয়া—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ক্রিয়া —কর্ম্ম, অনুষ্ঠান, শ্রাদ্ধাদি, অভ্যাস।
প্রিয়া —নারী, ভার্য্যা, এলা, মল্লিকা, মদিরা, বার্ত্তা।
ভিয়া —ভয়, শঙ্কা।
মিঞা —(যাং) মান্যমান উপাধি বিং।
হিয়া —(দেং) বক্ষঃস্থল, বুক।

ইয়া—অন্ত। (৩) ত্র্যক্ষর।

অক্রিয়া —কুকার্য্যান্বিতা, কুকর্ম্ম বিশিষ্টা, জড়।
প্রক্রিয়া —নৃপাদির ব জন, দৈব কর্ম্ম অনুষ্ঠান, প্রয়োগ।
বিক্রিয়া —বিকার, বিকৃতি।
সংস্ক্রিয়া —শোধন, পরিষ্করণ, সংস্কার, শবদাহ ক্রিয়া।
জাগ্রিয়া —জাগরণ।
নছিয়া —(ইং) বমনেচ্ছা।
তাঁইয়া —(দেং) আগ্রহকারী, কঠিন, ঠেঁটা, জেঠামি।
নটিয়া —(দেং) শাক বিং, বেশ্যারত।
পুঁটিয়া —(দেং) ঘুণ্টী, অধম, ক্ষুদ্র।
বেঁটিয়া —(দেং) খর্ব্ব, হ্রস্ব, খাট, বামন
তৃতীয়া —তিথি বিং।
তুত্তিয়া —তাম্রের মল, বণিক্ দ্রব্য বিং
ঋতীয়া —ঘৃণা, লজ্জা, নিন্দা।
দুঁদিয়া —(দেং) দুর্দ্দান্ত, দুষ্ট।
বেণিয়া —বণিক্, ব্যবসায়ী।

মণিয়া —(দেং) ক্ষুদ্র পক্ষী বিং।
ঘৃণিয়া —নিন্দা, লজ্জা, ত্রপা, ব্রীড়া, হ্রী।
ঘৃণীয়া — (ঐ)
হর্নিয়া —(ইং) অন্তর্বৃদ্ধি।
উড়িয়া —(ওড় শব্দজ) উৎকলবাসী লোক, উড়ে।
কড়িয়া —(দেং) কনিষ্ঠাঙ্গুলি, কর্ণভূষণ বিং।
কুড়িয়া —(দেং) অলস।
কুঁড়িয়া —(দেং) পত্রাদি নির্ম্মিত ঘর।
দুঁড়িয়া —(দেং) মৎস্য ধারণ যন্ত্র বিং, আটল।
ধেড়িয়া —(দেং) জল মার্জ্জার, উদ্‌বিড়াল।
থলিয়া —(স্থলী শব্দজ) বস্থী, গুন, ছালা।

ইয়া—অন্ত। (৪) চতুরক্ষর।

কাঠাকিয়া —(দেং) শতাবধি কাঠা গণন।
দশকিয়া —গণিত বিং।
অন্ত্যক্রিয়া —নীচ জাতি, শূদ্র, চণ্ডাল।
প্রতিক্রিয়া —প্রতীকার, প্রতিফল, প্রত্যুপকার।
অগ্নিক্রিয়া —অগ্নিকার্য্য, সংকার, শবদাহ।
অপক্রিয়া —অপকার, হানি, দ্রোহ।
উপক্রিয়া —উপকার।
বপ্রক্রিয়া —শিং বা দাঁতাদি দ্বারা খনন, উৎখাত কেলী।
পরিক্রিয়া —পরিখাদি দ্বারা বেষ্টন, সংস্করণ।
কারুক্রিয়া —শিল্প কর্ম্ম।

মরুৎক্রিয়া —অপানোৎসর্গ, বাত রোগ।
জলক্রিয়া —পিতৃপুরুষ গণকে জলদান, কলসোৎসর্গ।
বশক্রিয়া —বশীকরণ, বশবর্ত্তীকরণ।
পশুক্রিয়া —রমণ, মৈথুন, স্ত্রীসংসর্গ।
অলঙ্ক্রিয়া —সাজান, ভূষণ।
আবিষ্ক্রিয়া—আবিস্কার।
তিরস্ক্রিয়া —অনাদর, অবজ্ঞা, নিন্দা, ভর্ৎসনা।
মড়াঞ্চিয়া —মৃতবৎসা স্ত্রী।
মাকাটিয়া —কৃপণ, খল, শঠ।
কাদাটিয়া —(দেং) কর্দ্দম যুক্ত, আবিল, ঘোলা।
এড়াটিয়া —অলস, অপরিষ্কার, অকথা, মন্দ।
দুহাতিয়া —যে, ২হাতে সমানে কাজ কারতে পারে।
মাকুন্দিয়া —(দেং) শ্মশ্রু হীন, খোসা।
কণ্‌কনিয়া—(দেং) অতি শীতল।
একানিয়া —(দেং) একলা, একক।
কড়ানিয়া —(দেং) কাঁচা হিসাব, শতাবধি কড়া গণনা।
ধপ্‌ধপিয়া —(দেং) শ্বেতবর্ণ, শুভ্র, সাদা।
অর্কপ্রিয়া —জবা পুষ্প।
সূর্য্যপ্রিয়া —উৎকোচ, পালন, শ্রেণী, আলোক।
পদ্মপ্রিয়া —জরৎকারু মুনিপত্নী, মনসা দেবী।
রুদ্‌প্রিয়া —পার্ব্বতী, হরীতকী।
শম্ভুপ্রিয়া—দুর্গা, আমলকী।

স্মরপ্রিয়া —রতি, কামপত্নী।
গিরিপ্রিয়া —চমরী মৃগ।
ভিষক্‌প্রিয়া—গুলঞ্চ।
যোষিৎপ্রিয়া-হরিদ্রা।
বাদামিয়া —(দেং) বাদামের আকৃতি বিশিষ্ট, পিঙ্গল।
ডায়েরিয়া —(ইং) গ্রহণী, অতিসার।
কাঠরিয়া —(দেং) কাষ্ঠছেদক, কাঠকাটা।
হাটুরিয়া —(দেং) হাটে যে ক্রয় বিক্রয় করে।
ছাতারিয়া —(দেং) পক্ষী বিং।
তৈত্তিরিয়া —বেদের শাখা বিং।
গণেরিয়া —(ইং) মেহ রোগ।
অবারিয়া —(দেং) অদমনীয়।
আকড়িয়া —(দেং) মূল্যহীন, ধনহীন।
নেকড়িয়া —(দেং) গো বাঘ।
ভূতড়িয়া —(দেং) ভূতের ওঝা।
ভাতুড়িয়া —(দেং) অন্ন দান।
হাতুড়িয়া —(দেং) মূর্খ বৈদ্য, কুচিকিৎসক।
আদাড়িয়া —(দেং) দুর্দ্দান্ত, অদম্য।
সাপুড়িয়া —(দেং) ব্যালগ্রাহ,যে সাপধরে, মাল, ওঝা।
দেউলিয়া —(দেং) ঋণী, গত সর্ব্বস্ব, নিঃস্ব।
কল্‌কলিয়া—(দেং) কোলাহলকারী।
ঢল্‌ঢলিয়া —(দেং) কোমল, তরল, চঞ্চল।

একেশিয়া —(ইং) বাব্‌লা গাছ।
খস্‌খসিয়া —(দেং) বীরণ মূল, বেণার মূল।
আটাসিয়া —(দেং) অষ্টম মাসে জাত।
আলসিয়া —(দেং) ইষ্টকময় গৃহের কার্নিস।
আলিসিয়া —(দেং) (ঐ)

ইয়া—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

উদকক্রিয়া —প্রেত প্রীত্যর্থে ১৪দশ পুরুষের তর্পণ।
অন্ত্যেষ্টিক্রিয়া —শ্রাদ্ধাদি প্রেত কার্য্য।
রুক্‌প্রতিক্রিয়া — চিকিৎসা, রোগের প্রতিকার।
ভূতবিক্রিয়া —অপস্মার রোগ।
উত্তরক্রিয়া —অন্তিমক্রিয়া।
সলিলক্রিয়া —তর্পণাদি, জলদ্বারা চিতা ধৌত করা।
পিতৃস্বস্রীয়া —পিস্তুতো ভগ্নী।
মাতৃস্বস্রীয়া —মাস্তুতো ভগ্নী।
করকটিয়া —(দেং) অপুষ্ট দশায় পক্ক।
একচেটিয়া —(দেং) একায়ত্ত, একাধীন।
ঝকড়াটিয়া —(দেং) কলহকারী, বিবাদী।
ভ্রাতৃ দ্বিতীয়া —কার্ত্তিকী শুক্ল দ্বিতীয়া, যম দ্বিতীয়া।
যমদ্বিতীয়া —ভাই দ্বিতীয়া।
বানরপ্রিয়া —কদলি, রম্ভা।
দহনপ্রিয়া —স্বাহা, অগ্নিপত্নী।
অনলপ্রিয়া —স্বাহা, অনলবনিতা।

লিউকোরিয়া —(ইং) শ্বেত প্রদর।
থলথলিয়া —(দেং) লোল।
আটপলিয়া —(দেং) অষ্টকোণ বিশিষ্ট।

ইয়া—অন্ত। (৬) ষড়ক্ষর।

অকর্ম্মকক্রিয়া —যে ক্রিয়ার কর্ম্ম নাই, কর্ম্মশূন্য ধাতু।
বৈরপ্রতিক্রিয়া—বৈর শোধন, অপকারীর প্রত্যপকার।
অক্ষয়তৃতীয়া —বৈশাখের শুক্ল তৃতীয়া, তিথি বিং।
পরিবেদনীয়া —জ্যেষ্ঠা বর্ত্তমানে বিবাহিতা কনিষ্ঠা।
পোড়াকপালিয়া-(দেং) হতভাগ্য, মন্দ ভাগ্য।

ইয়া—অন্ত। (৮) অষ্টাক্ষর।

পূতিনিরসনক্রিয়া—দুর্গন্ধনিবারণের উপায়।

উয়া—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কুয়া—(দেং) পাতকুয়া, গর্ত্ত।
গুয়া—(দেং) সুপারি।
শুয়া —(দেং) শুঁয়া, শুঙ্গা।

উয়া—অন্ত। (৩) ত্র্যক্ষর।

পাৎকুয়া —(দেং) কূপ, কুয়া।
ডেম্বুয়া —(দেং) মৃত স্ত্রীক, যাহার স্ত্রী মরিয়াছে।
কেঁচুয়া —(দেং) কেঁচো, ভক্তবিটল।
লটুয়া —(দেং) লম্পট, লোচ্চা।
কণ্ডূয়া —চুলকণা, পাচড়া।
খতুয়া —(দেং) নেত্র রোগ, জীর্ণ।

কেন্দুয়া —(দেং) নেকড়ে বাঘ।
ঘরুয়া —(দেং) গৃহোৎপন্ন, ঘরজাত।
পড়ুয়া —(দেং) ছাত্র, বিদ্যার্থী, শিষ্য।
মেড়ুয়া —(দেং) মলিন, মর্চা।
দলুয়া —(দেং) গুড় বিকার বিং, খাঁড়।
অসূয়া —পর গুণে দোষারোপ, নিন্দা, অত্রিপত্নী।

উয়া—অন্ত। (৪) চতুরক্ষর।

কানকুয়া —মাছের ফুল্কা।
একগুঁয়া —(দেং) অবাধ্য, একরোখা।
অকেজুয়া —(দেং) অকর্ম্মণ্য, অনুপযুক্ত, বৃথা।
কাকাতুয়া—পক্ষী বিং।
আচাভূয়া —(দেং) অদ্ভুত, অপূর্ব্ব।
অনসূয়া —অত্রিপত্নী, শকুন্তলার সখী।
অনুসূয়া —অত্রি মুনির পত্নী।
অভ্যসূয়া —গুণে দোষারোপ, ঈর্ষা, দ্বেষ।

উয়া—অন্ত। (৭) ষড়ক্ষর।

পচাপাচকুয়া—(দেং) ছিন্ন, জীর্ণ, নষ্ট।

এয়া—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কেয়া—কেতকী ফুলের গাছ, কেয়া ফুল।
খেয়া —(দেং) নদী পার হওন, পারাপার।
নেঙা —(দেং) বামহস্তে কার্য্যকারী।

এয়া—অন্ত। (৩) ত্র্যক্ষর।

বকেয়া —(যাং) অবশেষ, বাকি খাজনা, বক্রী।

মিশ্রেয়া—মধুরিকা, মৌরী, শতপুষ্পা, শলুকা।

পেপেয়া—(ইং) পেঁপেফল।

মালেয়া —স্থূল এলা, বড় এলাচ।

শালেয়া —নিশ্রেয়া, শুল্কা।

ওয়া—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কোয়া—(দেং) পাতকুয়া।

খোয়া—(দেং) ইষ্টকাদির খণ্ড, নষ্ট, হারাণ, অপচিত।

ঘোঙা—(দেং) পশু ভেদ, ঘন নামে বাদ্য যন্ত্র বিং।

দোয়া—(যাং) আশীর্ব্বাদ।

পোয়া—(দেং) সেরের ৪র্থাংশ।

রোয়া—(দেং) রোম, লোম।

শোয়া—(দেং) শয়ন, নিদ্রা হওয়া।

ওয়া—অন্ত। (৩) ত্র্যক্ষর।

যাওয়া —(দেং) প্রস্থান, গমন, চলন।

তাওয়া —(দেং) পাত্র বিং, বক্‌না, ভস্ত্রা, চাটু।

দাওয়া —(যাং) দাবি।

বেওয়া —(যাং) বিধবা।

হওয়া —(দেং) জন্মান, উৎপত্তি।

সাঁজোয়া—বর্ম্ম, অস্ত্র নিবারণার্থ কবচ, তনুত্রাণ।

চাঁদোয়া—(দেং) চন্দ্রাতপ, পাল।

আধোয়া—অপ্রক্ষালিত, অধৌত।

ওয়া—অন্ত। (৪) চতুরক্ষর।

ইন্দ্রতোয়া—স্বনাম খ্যাত পুণ্যনদী বিং।

সদাতোয়া—নদী বিং, এলাপর্ণী লতা বিং।

করতোয়া —স্বনাম প্রসিদ্ধ নদী।

ই—অন্ত। (১) একাক্ষর।

ই —কামদেব, খেদ, আহ্বান, (দেং) কেবল, মাত্র।

ই —(ধা) অধ্যয়ন, গমন, উপায়, সময়, অভিপ্রেত।

ঈ —কন্দর্প, লক্ষ্মী, মহামায়া।

ইঃ—কোপ, দুঃখ ও উপহাস সুচক শব্দ, সন্তাপ।

ঈঃ—যন্ত্রণা বা ক্রোধাদি বোধক শব্দ।

অই—অন্ত। (২) দ্ব্যক্ষর।

অই —(দেং) সম্মুখস্থিত, পুরোবর্ত্তী, ওখানে, পূর্ব্বস্থিত।

কই —(দেং) মৎস্য বিং।

খই —(দেং) ভৃষ্টধান্য, লাজ।

ছই —(দেং) নৌকার ছাদ।

থই —(দেং) তলস্পর্শ, অট্টালিকা বা গৃহাদি নির্ম্মাতা।

দই —(দেং) দুগ্ধ বিকার বিং।

নই —(দেং) স্ত্রী গোবৎস, নব্য, ৯০ সংখ্যা।

বই —(দেং) বিনা, পুস্তক।

মই —(দেং) বাঁশের সিঁড়ি।

অয়ি—অনুনয়, অনুরূপ, সান্তনা, প্রশ্ন।
ক্ষয়ী—নশ্বর, ক্ষয়শীল।
জয়ী—জয়শীল, যে সর্ব্বত্র জয় লাভ করে।
ত্রয়ী—ব্রহ্মা, বিষ্ণু, শিব—ঋক্ যজুঃ সাম বেদত্রয়।
ব্যয়ী—ব্যয়শীল, যে ব্যয় করে।

অই—অন্ত। (৩) ত্র্যক্ষর।

কাঁকই —চিরুণী।
বাবই —বৃক্ষ বিং, বাবুই তুলসী।
নব্বই —(৯০) নই সংখ্যা।
পালই —(দেং) খড়ের পালা, সতৃণ ধান্যের রাশি।
কেকয়ী —রাজা দশরথের মধ্যমা স্ত্রী, ভরতের মাতা।
কৈকয়ী — (ঐ)
বিক্রয়ী —যে বেচে, বিক্রেতা।
সঞ্চয়ী —সংগ্রহ কারক।
বিজয়ী —জয় যুক্ত, জয় প্রাপ্ত।
প্রত্যয়ী —বিশ্বাসী, বিশ্বাসকারী
হৃদয়ী —প্রশস্ত চিত্ত।
প্রণয়ী —অনুরক্ত পতি বা নায়ক।
বিনয়ী —বিনীত, নম্র, শিষ্ট, শান্ত, বশীভূত।
অন্বয়ী —অন্বয় বিশিষ্ট, বংশ সম্বন্ধীয়, অনুসারী।
ছায়ময়ী —বিশ্বকর্ম্মার কন্যা, সূর্য্যের পত্নী।
বিষয়ী —বিষয়যুক্ত, রাজা, কামদেব, ধনী, ইন্দ্রি

অই—অন্ত। (৪) চতুরক্ষর।

তিরানই —(৯৩) সংখ্যা বিং।

মিতব্যয়ী —অল্পব্যয়ী।

লেপ্যময়ী —কাঠের পুতুলা প্রভৃতি বিগ্রহ।

অনুশয়ী —অনুরক্ত, পাদ রোগ বিং, মস্তকের ব্রণ।

অই—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

অপরিচয়ী —যাহার সহিত চিনা কি আলাপ নাই।

ছেয়ানব্বই —(৯৬) সংখ্যা বিং।

একানব্বই —(৯১) সংখ্যা বিং।

পঁচানব্বই —(৯৫) সংখ্যা বিং।

আটানব্বই —(৯৮) সংখ্যা বিং।

অষ্টানব্বই — (ঐ)

সাতানব্বই —(৯৭) সংখ্যা বিং।

চৌরানব্বই —(৯৪) সংখ্যা বিং।

তিরানব্বই —(৯৩) সংখ্যা বিং।

নিরানব্বই —(৯৯) সংখ্যা বিং।

বিরানব্বই —(৯২) সংখ্যা বিং।

অপত্যবিক্রয়ী—সন্তান বিক্রেতা।

ইন্দ্রজিদ্বিজয়ী—রামানুজ, লক্ষ্মণ।

আই—অন্ত। (২) দ্ব্যক্ষর।

আই —(দেং) মাতামহী, পিতামহী, (ইং) আমি, চক্ষু।

কাই —(দেং) লেই, মণ্ড, কল্প।

খাঁই —(দেং) আকাঙ্ক্ষা, বাঞ্ছা, গভীরতা।
গাই —[দেং] গো, গবী, গাভী।
চাঁই —[দেং] প্রধান, মূলীভূত, লোষ্ট্র, ডেলা।
ছাই —[দেং] পাঁশ, ভস্ম [ইং] দীর্ঘ নিশ্বাস।
ঠাঁই —[দেং] সমীপ, নিকট।
তাই —[দেং] সেইজন্য, তদ্বস্ত, করতালী।
থাই —[ইং] উরু।
দাই —[দেং] ধাত্রী, ধাই।
ধাই —উপমাতা।
নাই —[দেং]অভাব, নিষেধ, নাপিত।
পাই —[দেং] একপয়সা, পাওয়া।
বাই —[দেং] নর্ত্তকী বিং, বায়ুরোগ।
ভাই —[দেং] সহোদর, ভ্রাতা।
মাই —[দেং] পয়োধর, স্তন, মাতা।
রাই —রাধিকা, [দেং] সাদা সরিষা।
শ্লাই —[ইং] ধূর্ত্ত।
হাই —[দেং] জৃম্ভন, মুখব্যাদন।
হাঁই —[দেং] [ঐ]
হ্যাংই —[ইং] ফাঁসী।
দায়ী —দাতা, দানশীল, ক্ষতি পূরক।
ন্যায়ী —ন্যায়পর, ন্যায়বান্।
স্নায়ী —স্নান কর্ত্তা।

মায়ী —কুহকী, বঞ্চক, ধূর্ত্ত।
সায়ী —অশ্বারোহী, অশ্বপরিচালক, সহিস।

আই—অন্ত। (৩) ত্র্যক্ষর।

হোয়াই —[ইং] কেন, কিজন্য।
যাচাই —[দেং] নিগূঢ় তত্ত্ব গ্রহণ, পরীক্ষণ।
চেটাই —[দেং] সামান্য আসন বিং, বাঁশের ধাড়া।
নাটাই —[দেং] সূতা গুটাইবার যন্ত্র বিং।
নেক্‌টাই —[ইং] গলাবন্ধ।
জেঠাই —[দেং]জ্যষ্ঠতাত পত্নী।
মিঠাই —[দেং] মিষ্টান্ন, মিষ্ট দ্রব্য।
শানাই —[দেং] বাদ্য যন্ত্র বিং, বংশী।
কামাই —[যাং] অনাগমন, উপার্জ্জন।
জামাই —কন্যার স্বামী।
মরাই —[দেং] ধান্যাদির গোলা।
সরাই —[যাং] পান্থশালা।
আড়াই —অর্দ্ধের সহিত দুই [২॥]।
বড়াই —গৌরব, গর্ব্ব, অহঙ্কার।
লড়াই —[দেং] যুদ্ধ, রণ, সংগ্রাম।
আলাই —[দেং] আপদ, উল্কা।
কলাই —কড়াই শস্য বিং, তাম্রাদি পাত্র রং করণ।
বালাই —[দেং] বিপত্তি, আপদ।
ভালাই —[দেং] উৎকৃষ্টতা।

মালাই —[দেং] জাতি বিং, নাবিক, মাল্‌সা।
কসাই —[দেং] মাংস বিক্রেতা।
গোসাঁই —[দেং] উপাধি বিং, ইষ্টদেব, নমস্কার।
তেহাই —[দেং] তৃতীয়াংশ।
দোহাই —[দেং] রক্ষাপ্রার্থনা, শপথ, দিব্য।
বেহাই —বৈবাহিক, পুত্র বা কন্যার শ্বশুর।
রেহাই —[যাং] মুক্তি প্রদান।
আখ্যায়ী —কথয়িতা।
আতায়ী —চিলপক্ষী।
অস্থায়ী —স্থিতি রহিত, নশ্বর, অনিত্য।
বিধায়ী —জনক, কর্ম্মকারক, কর্ত্তা।
স্বাধ্যায়ী —বেদপাঠক, যে বেদপাঠ করে।
আনায়ী —জালিক, জেলে।
মনায়ী —মনুর পত্নী।
অপায়ী —গমনশীল, প্রস্থানোদ্যত, মৃত্যুমুখ।
উপায়ী —উপার্জ্জক, রোজগারী।
দ্বিপায়ী —দ্বিপ, হস্তী।
প্রপায়ী —পানকর্ত্তা, রক্ষাকর্ত্তা।
ব্যপায়ী —কামুক, লম্পট।
অমায়ী —সরল রূপে কার্য্যকারী।
কষায়ী —শালবৃক্ষ, লকুচতরু, খর্জ্জুরতরু, কষায়িত।

আই—অন্ত। (৪) চতুরক্ষর।

পরখাই —[দেং] পরীক্ষাকরণ, টাকার নিদর্শনপত্র।
একজাই —[দেং] বারবার [যাং] একত্র, মোট।
অনুযাই —অনুগামী, সদৃশ, অনুচর।
দূরযাই —দূরগামী, যে দূরে যাইতেছে।
আজনাই —জ্যেষ্ঠী বিং, অঞ্জনিকা।
রোশনাই —[যাং]আলো, দীপ্তি, প্রভা।
একলাই —[দেং] ফুলকাটা সাদা উড়ুনি বা চাদর।
বিষয়ায়ী —কামদেব, রাজা, বিষয়াসক্ত ব্যক্তি।
অগ্রযায়ী —অগ্রগামী।
আততায়ী—বধোদ্যত, অনিষ্টকারী।
অসতায়ী —অনিষ্টাচরণ, দুষ্টমতি।
সহোথায়ী—যাহারা এক সময়ে বাড়িয়া উঠে।
অল্পস্থায়ী —ক্ষণস্থায়ী।
অবস্থায়ী —স্থিতিকারী।
চিরস্থায়ী —দীর্ঘকালস্থায়ী, অবিনশ্বর।
শক্তিদায়ী —সামর্থদায়ী, বলদাতা।
ধনদায়ী —অগ্নি, ধনদাতা।
উপধায়ী —জনক, উৎপাদক, উপযোগী।
শুভাধ্যায়ী —হিতৈষী, উপকারী।
সহাধ্যায়ী —একপাঠী, এক গুরুর শিষ্য।
রক্তপায়ী —মৎকুণ, ছারপোকা।

মধুপায়ী —ভ্রমর।
অনপায়ী —অপায় রহিত, অবিনাশী, নিশ্চল।
ধূমপায়ী —যে ধূম পান করে।
নিরপায়ী —অক্ষয়, অবিনশ্বর, অব্যয়, সনাতন।
বসাপায়ী —কুক্কুর, সারমেয়।
তরুশায়ী —পক্ষী।
ব্যবসায়ী —বাণিজ্যকারী, উদ্‌যোগী, অনুষ্ঠানকারী।
সহসায়ী —একত্রগমনকারী, সঙ্গী, সাথী।

আই—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

দিয়াশলাই —(যাং) অগ্নি উৎপাদক কাঠী।
ব্যাটারফ্লাই—(ইং) প্রজাপতি।
পুষ্পাবচায়ী —পুষ্পাজীব, মালাকার।
ধর্ম্মানুযায়ী —ধর্ম্মমার্গানুসায়ী, ধার্ম্মিক।
পূতক্রতায়ী —ইন্দ্র পত্নী, শচী।
অচিরস্থায়ী —যাহা চিরকাল থাকে না।
ফলোপধায়ী—ফলজনক, ফলদ।
বিশ্ববিধায়ী —যিনি সমুদায় সৃষ্টি করেন, সৃষ্টিকর্ত্তা।
বৃষাকপায়ী —লক্ষ্মী, কমলা, পদ্মা।
চন্দ্রিকাপায়ী—চকোর পাখী।
অন্তাবসায়ী —নাপিত, চণ্ডাল, মুনি বিং।
অন্ত্যাবসায়ী— [ঐ]
অব্যবসায়ী —ব্যবসায় রহিত, আনাড়ী, অস্থিরচিত্ত।

সমরশায়ী —যে ব্যক্তি যুদ্ধে প্রাণত্যাগ করে।
স্থণ্ডিলশায়ী —ব্রতী, যজ্ঞ ভূভাগে শয়নকারী।

ইয়া—অন্ত। (৭) সপ্তাক্ষর।

আহূতপ্রপলায়ী—যে আদালতের সমনে পলায়ন করে।

উই—অন্ত। (২) দ্ব্যক্ষর।

উই —(দেং) কীট বিং।
যূঁই —(দেং) যূঁই ফুল, যূথিকা পুষ্প।
তুই —তুমি শব্দের অপভ্রংশ।
দুই —(দেং) ২ সংখ্যা, একের দ্বিত্ব।
পুই—(দেং) শাক বিং।
ভুঁই—(দেং) ক্ষেত, জমী।
মুই —(যাং) আমি।
রুই —(দেং) বল্মীক, কীট ও মৎস্য বিং।
লুই —(দেং) পশমি শীত বস্ত্র।
সূই—ছুই, ছুচ।
উইং—(দেং) পাখীর পাখা।
উয়ী —(দেং) কীট বিং, রুই।

উই—অন্ত। (৩) ত্র্যক্ষর।

পাঁকুই —পাঁকজনিত পদাঙ্গুলিতে ক্ষত রোগ বিং।
ভাদুই —(দেং) আশু ধান্য বিং।
উনুই —(দেং) উৎস, নির্ঝর, ঝরণা।
কণুই —হস্তের নিম্নস্থিত গ্রন্থি।

কনুই —কফোণি, কর্পূর।
করুই —(দেং) ধান্যাদির গোলা, ভাণ্ডার।
কারুই —(ইং) জিরা।
চড়ূই —চটক পাখী, চড়াই।
কুল্লুই —(দেং) কর্কর, কাঁকর।
রসুই —(দেং) রন্ধন, রান্না।

এই—অন্ত। (২) দ্ব্যক্ষর।

এই —(দেং)অগ্রস্থিত, সম্মুখবর্ত্তী।
খেই —(দেং) সুতার অগ্রভাগ।
স্তেয়ী—চৌর, তস্কর, সেকরা, স্বর্ণকার।
দেই —(দেং) দিতেছি।
মেই —(দেং) মেধীকাষ্ঠ, (ইং) মাস বিং।
লেই —(দেং) মাড়, মণ্ড, কাই।
সেই —তাহাই, অনন্য।

এই—অন্ত। (৩) ত্র্যক্ষর।

কেকেয়ী—দশরথ রাজার মধ্যমা স্ত্রী, ভরতমাতা।
কৈকেয়ী—ভরতের মাতা, দশরথের মধ্যমা স্ত্রী।
আত্রেয়ী—নদী বিং, অত্রিবংশ্যা, ঋতুমতী।
ধাত্রেয়ী —ধাই, ধাত্রী, (দেং) পৃথিবী।
সানেয়ী—বংশী, বাদ্যযন্ত্র বিং, সানাই।
আগ্নেয়ী -অগ্নি পত্নী, স্বাহা, ক্ষুধাবৃদ্ধিকারক ঔষধি।
ক্ষীরেয়ী -পায়স, পরমান্ন।

এই—অন্ত। (৪) চতুরক্ষর।

বাজপেয়ী—বাজপেয় যাগ কর্ত্তা।

এই—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

বাজসনেয়ী—যজুর্ব্বেদ বেত্তা, যজুর্ব্বেদ শাখা ধ্যেতা।

উ—অন্ত। (১) একাক্ষর।

উ—বিষ্ণু, শিব, সম্বোধন, বিস্ময়, নিয়োগ, দয়া।

ঊ—শান্তি, মধুসূদন, ভৈরব, সরস্বতী, লক্ষ্মণ ইত্যাদি।

উঃ—ক্রোধ বা দুঃখ বোধক।

অউ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ডউ—(ইং) শিশির।

বউ—(দেং) স্নুষা, পুত্রবধূ।

মউ—(দেং) মধু।

ময়ু—কিন্নর, হরিণ, মৃগ, কিম্পুরুষ।

শয়ু—অজগর, বৃহৎ সর্প।

অউ—অন্ত। (৩) ত্র্যক্ষর।

তিতউ—চালনী।

মিত্রয়ু—মিত্র বৎসল, মিত্রপ্রিয়।

আউ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কাউ—(ইং) গাভী।

যাউ—(দেং) মাড়, যবমণ্ড।

ঝাউ—(দেং) ঝাউগাছ।

নাউ —(ইং) এখন।
বাউ —(ইং) প্রণাম।
লাউ —(দেং) অলাবু, কদু, তুম্বী।
প্লাউ —(ইং) লাঙ্গল।
আয়ু—জীবন, পরমায়ু, নহুষের পুত্র।
জায়ু—ঔষধ।
স্নায়ু—বায়ু প্রবাহিনী নাড়ী।
পায়ু—গুহ্যদেশ।
বায়ু—পবন, সমীরণ, বাতাস।
মায়ু—শরীরস্থ ধাতু বিং, পিত্ত।

আউ—অন্ত। (৩) ত্র্যক্ষর।

বাধাউ —(দেং) গীত বিং, নন্দোৎসব গীত।
জটায়ু —শকুন্তরাজ, সম্পাতির অনুজ, দশরথসখা।
শ্রুতায়ু —সূর্য্য বংশীয় রাজা বিং।
বাতায়ু —হরিণ, মৃগ।
বনায়ু —পারস্য দেশ।
বান্নায়ু —ভারতবর্ষের উত্তর পশ্চিমস্থ দেশ বিং।
ঊর্ণায়ু —মেষলোমের আসন, কম্বল, মাকড়সা।
গোমায়ু —গন্ধর্ব্ব বিং, শৃগাল।
জরায়ু —জটায়ু পক্ষী, ভ্রূণ, গর্ভ।
দীর্ঘায়ুঃ —চিরজীবী, কাক, শাল্মলী বৃক্ষ।
গতায়ুঃ —যাহার আয়ু গত হইয়াছে, মৃত।

শতায়ুঃ —শতবর্ষ জীবী।
অল্পায়ুঃ —অল্পকালজীবী।
কামায়ুঃ —গরুড়, যে আপনার ইচ্ছায় জীবিত থাকে।
স্থিরায়ুঃ —চিরজীবী, শিমুলগাছ।

আউ—অন্ত। (৪) চতুরক্ষর।

জাষ্টনাউ —(ইং) এইমাত্র।
আইব্রাউ —(ইং) ভ্রূ।
এনিহাউ —(ইং) যে রূপেই হউক।
অধোবায়ু —অপান বায়ু, গুহ্য দেশস্থ বায়ু।
চারবায়ু —গ্রীষ্মকালীন বাতাস, সুখসেব্য বায়ু।
বিধাত্রায়ুঃ —সূর্য্যের শোভা, সূর্য্যমণি পুষ্প।
হবনায়ুঃ —অগ্নি, অনল, বহ্নি।
পরমায়ুঃ —আয়ু, জীবিতকাল।
সচিরায়ুঃ —দেবতা।
দ্বাদশায়ুঃ —কুকুর।

ইউ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ইউ —(ইং) ভেড়ী, তুমি।
ডিউ—(ইং) ঋণ, শিশির।
নিউ—(ইং) নূতন।
মিউ—(ইং) বিড়ালের ডাক।

ইউ—অন্ত। (৩) ত্র্যক্ষর।

নেফিউ—(ইং) ভাইপো, ভাগিনেয়।

ইউ—অন্ত। (৪) চতুরক্ষর।

ক্যাটিচিউ—(ইং) খয়ের, খদির।

এ—অন্ত। (১) একাক্ষর।

এ—বিষ্ণু, পৃথিবী, ঘৃণা, ভয়, অগ্নি, শক্তি, একাদশী।

অএ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

অয়ে—স্মরণ, ক্রোধ, বিষাদ, কোমল, ভয়, সম্বোধন।

টয়ে—(দেং) ঢক্কার ভূষণ বিং।

নেয়ে—(দেং) মাজি, নাবিক।

বেয়ে—(দেং) বহিয়া।

মেয়ে—(দেং) দুহিতা, কন্যা, স্ত্রীলোক।

ওএ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ওয়ে—(ইং) পথ।

ওএ—অন্ত। (৪) চতুরক্ষর।

পাষ্টএওয়ে—(ইং) গত হওয়া।

ঐ—অন্ত। (১) একাক্ষর।

ঐ—শিব, স্মরণ, (দেং) দৃশ্য পদার্থ, সরস্বতী, দ্বাদশী।

আঐ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ডাঐ—(যাং) ডোম।

তাঐ—(দেং) ভাই বা ভগ্নীর শ্বশুর।

মাঐ—(দেং) ভাই বা ভগ্নীর শাশুড়ী।

ও—অন্ত। (১) একাক্ষর।

ও —পুরোবর্ত্তী, স্মরণ, দয়া, ত্রয়োদশী।

ওঁ —আদ্য বীজ, প্রণব, ওঙ্কার—সত্ব, রজঃ, তম।

আও—অন্ত। (২) দ্ব্যক্ষর।

তাও—(দেং)কাপড়ের ভাঁজ,ভস্ত্রাযন্ত্রের বাতাস দেওন।

ফাও—পরিমাণের কিঞ্চিৎ অধিক, উপরি, অতিরিক্ত।

বাও —(দেং) রোগ বিং।

বাঁও—(দেং) ধনুঃ, যুগ, বাম দিক, বাহু পরিমাণ।

মাও —(যাং) মা, মাতা।

আও—অন্ত। (৩) ত্র্যক্ষর।

ঘরাও—(দেং) ঘর পোষা, গৃহ সম্বন্ধীয়।

সরাও—(যাং) চালাও, তফাৎ কর।

চড়াও—(দেং) আক্রমণ।

জড়াও—(দেং) মণ্ডিত, খচিত, সংলগ্ন, একত্র করণ।

যড়াও— [ঐ]

আও—অন্ত। (৪) চতুরক্ষর।

হামরাও—(যাং) অনুগামী, সঙ্গী।

ঔ—অন্ত। (১) একাক্ষর।

ঔ —আহ্বান, অনন্ত, পৃথিবী, চতুর্দ্দশী।

ঔঁ —শূদ্রের প্রণব।

ক—অন্ত। (১) একাক্ষর।

ক—ব্রহ্মা, বিষ্ণু, সূর্য্য, অগ্নি, জল, ময়ূর, ধন, রোগ।
ক্ব—কোথায়, কোন স্থানে।

অক—অন্ত। (২) দ্ব্যক্ষর।

অক্ —(ধা) চিহ্ন,অঙ্কন, অঙ্কনীয়, অঙ্কুশ, পর্য্যঙ্ক।
কক্ —(ধা) চপল হওয়া, ইচ্ছা—কাক, গমন—কাকিনী।
চক্ —প্রতিঘাত—চকিত, চক্র, (ইং) চাখড়ি।
স্রক্ —মাল্য, মালা, হার।
টক্ —(ধা)বন্ধন—টঙ্কিত,(ইং) তোতার ডাক।
তক্ —(ধা) সহ্যকৃ-তক্র, তর্কিত, তকন।
তক্ —(ধা) জীবন যাত্রা হ-তঙ্ক, অঙ্কন, আতঙ্ক।
ত্বক্ —চর্ম্ম, বল্কল, গাছের ছাল, স্পর্শেন্দ্রিয়।
ন্যক্ —ঘৃণ্য, নীচ, নিম্ন।
বক্ —(ধা)কুটিলী করণ—বঙ্কিম।
মক্ —(ধা) ভূষিত কৃ—মঙ্কণ, (ইং) তামাসা, রহস্য।
লক্ —(ধা) আদান—লাকন, লকুচ (ইং) তালা।
শক্ —(ধা) ভয়, ত্রাস—শঙ্কা, আশঙ্কা।
হক্—(যাং) যথার্থ, ন্যায্য, স্বত্ব।
ফক্—(ধা)অসদ্ব্যবহার—ফক্কা, ফক্কক।
মট্‌ক্-(ইং) মস্‌জিদ।
অম্বক্-(ধা) চিহ্ন করা।

টন্‌ক্‌ —(ধা) বদ্ধ করা।

বন্‌ক্‌ —(ধা) বক্র হওয়া।

শনক্‌—(ধা) ভীত হওয়া।

অক —পাপ, দুঃখ, বক্রগমন।

চক —চতুঃশালার মধ্যস্থান, চাখড়ি।

ছক —(দেং) পাশকাদি ক্রীড়ার কাষ্ঠ, শতরঞ্চের ঘর।

টক —(দেং) অম্ল, খাটা।

ঠক —(দেং) কর্ণেজপ, পরগ্লানি কারক।

ঢক —(দেং) পরিমাণ দ্রব্য, বাটখারা।

তক —সেই, উঁহা, তাহা, সীমা, পর্য্যন্ত।

দক —বারি, সলিল, জীবন, তোয়, নীর, জল।

দঁক —(দেং) গভীর কর্দ্দম।

বক —পাখী বিং, বকুলের গাছ, দৈত্য বিং, কুবের।

লক —ললাট, ধানের শিষ।

শক —শকাদিত্যের অব্দ।

শক —অব্দ প্রবর্ত্তক রাজা, জাতি বিং, দেশ বিং।

স্বক —আপন, স্বীয়, আত্ম সম্বন্ধীয়।

ঢক্ক —নগর বিং, ঢাক, অন্তর্ধান।

পক্ব —পরিণত, পাকা, দৃঢ়, নিষ্ঠ প্রাপ্ত, অভিজ্ঞ, পূর্ণ।

হক্ক —গজসমাহ্বান, হাতির ডাক।

তক্য —উপহাস্য, হসনীয়।

চক্র —চাতুরি, চাকা, সৈন্য, রাজ্য, চক্রবাক, দেশ।

তক্র —দুগ্ধ বিকার, ঘোল।

নক্র —কুম্ভীর, দ্বারের অগ্রকাষ্ঠ।

বক্র —নদীর বাঁক, বাঁকা, কুটিল, ক্রুর।

শক্র —ইন্দ্র, হরি, পেচক, উলূক, অর্জ্জুন বৃক্ষ।

নক্রং —নাসিকা।

অঙ্ক —আঁক, চিহ্ন, নিকট, নাটকাংশ, ক্রোড়।

কঙ্ক —যুধিষ্ঠিরের নাম, ছদ্মরূপী ব্রাহ্মণ, যম, বক।

টঙ্ক —টাকা, খননাস্ত্র, খড়্গ, ক্রোধ।

তঙ্ক —পাষাণ ভেদনাস্ত্র, পাথর কাটা বাটালি।

পঙ্ক —পাপ, কর্দ্দম, পাক।

রঙ্ক —কৃপণ, দরিদ্র, নীচ, ক্ষুদ্র, অপদার্থ।

শঙ্ক —গাড়ি টানা বলদ।

অঙ্ক্য —পাখোয়াজ, ক্রোড়ের যোগ্য, গণনীয়।

বঙ্ক্য —বাঁকা, টেড়া, বাঁকান।

ষট্‌ক —৬ সংখ্যা, ছয় গুণ।

অংক —শরীরাবয়ব, অঙ্গ প্রত্যঙ্গ, পথিক।

মংক —মদীয় সম্বন্ধীয়, মৎকুণ।

অর্ক —(ধা) তাপ দেওয়া—অর্ক।

অর্ক —সূর্য্য, কবি, বিষ্ণু, আকন্দ গাছ।

কর্ক —জল, বহ্নি, কাঁকড়া, (ইং) সোলা।

তর্ক —(ধা) দীপ্তি পা—তর্ক, বিতর্ক।

তর্ক —বিচার, আকাঙ্ক্ষা, ন্যায়শাস্ত্র, বাদানুবাদ।

মর্ক —(ধা) গমন—মর্ক, মর্কট, মর্কিত, মর্কন।

মর্ক —বায়ু, দেহ, শরীর, বানর।

সর্ক —বায়ু, মন, প্রজাপতি, ব্রহ্মা।

ফক্ক —(ধা) অসদ্ব্যবহার, ফক্কা—ভক্কিকা।

কল্ক —খলি, তৈলপাক দ্রব্য, পাপিষ্ঠ।

ঢল্ক —(দেং) শিথিল, আলগা।

তল্ক —বন, অরণ্য।

বল্ক —গাছের ছাল, মাছের আঁইস।

শল্ক —খণ্ড, বল্কল, আঁইস।

অক—অন্ত। (৩) ত্র্যক্ষর।

পিকক্ —(ইং) ময়ূর।

চক্‌চক্ —স্বচ্ছতা, দীপ্তি, উজ্জ্বলতা।

টক্‌টক্ —(দেং) লোহিত বর্ণ, রক্ত বর্ণ।

প্রত্যক্ —পূর্ব্ব, পশ্চাৎ, পশ্চিম দিক্, পুরাকাল।

পৃথক্ —ভিন্ন, বিনা, অন্য, বর্জ্জন, নীচ, নানা।

উদক্ —উত্তর দিক বা কাল, পরবর্ত্তী।

তৃষ্ণক্ —পিপাসু, লোভী, ইচ্ছুক।

ধৃষ্ণক্ —প্রগল্‌ভ, নির্লজ্জ, বিশ্বস্ত।

শ্বপক্ —ব্যাধ, চাঁড়াল, পুক্কশ।

হিমক্ —বঁইচগাছ, বিকঙ্কত তরু।

সম্যক্ —সর্ব্বপ্রকারে, সমগ্ররূপে, উত্তমরূপে।

পারক্ —সুবর্ণ, সোণা।

তোশক্ —শয্যা বিং।

ভিষক্ —চিকিৎসক, বৈদ্য।

বিশ্বক্ —সর্ব্বব্যাপি।

বিষক —সমন্তাৎ, চতুর্দ্দিকে।

গায়ক —সঙ্গীত ব্যবসায়ী, গানকারক।

জায়ক —সুগন্ধি কাষ্ঠ বিং।

দায়ক —ক্ষতিপূরক, দাতা।

নায়ক —বর্ণনীয় পুরুষ, উপদেষ্টা।

প্রিয়ক —মৃগ বিং, প্রিয়ঙ্গু বৃক্ষ, ভ্রমর, কুঙ্কুম।

বায়ক —বপনকারী, সমূহ, রাশি।

শায়ক —বাণ, শর, তীর, খড়্গ।

সায়ক — [ঐ]

একক —অসহায়, একলা।

তোকক—পাখী বিং।

শূকক —[illegible]স্য বিং, যব।

চক্রক —ন্যায় শাস্ত্রে বাক্য বন্ধ বিং।

চুক্রক —চুকা পালম শাক।

টঙ্কক —মুদ্রা, রৌপ্য মুদ্রা, টাকা।

তর্কক —যাচক, তর্ককারক।

মর্কক —গলগণ্ড পাখী, হাড়গিলা, লূতা, মাকড়সা।

শার্কক —দুগ্ধ:ফেন, চিনির তাল, শর্করাপিণ্ড।

[illegible]ষ্কক —[illegible]ক্ষ, [illegible] কলেক্টর।

লেখক —লিপিকর, চিত্রকারক, পটুয়া।

ঔক্ষক —বৃষ সমূহ।

তক্ষক —বিশ্বকর্ম্মা, সর্প বিং, নাট্যাধ্যক্ষ, নগর বিং।

দীক্ষক —শিক্ষক, উপদেষ্টা, দীক্ষাগুরু।

পক্ষক —খিড়্‌কিদ্বার, পার্শ্ব, সহায়।

প্রেক্ষক —যে দেখে, দ্রষ্টা, দর্শী।

বৃক্ষক —ছোটগাছ, ক্ষুদ্র তরু।

ভক্ষক —ভোক্তা, খাদক, ভক্ষণ কারক।

রক্ষক —পালক, ত্রাণকর্ত্তা, রক্ষাকর্ত্তা।

লক্ষক —লক্ষণা দ্বারা অর্থ বোধক।

শিক্ষক —অধ্যাপক, গুরু, শাসনকর্ত্তা।

শঙ্খক —শঙ্খনির্ম্মিত বলয়, কম্বু, শাঁক।

জোঙ্গক —যে দুর্গন্ধ নাশ করে, কৃষ্ণচন্দন।

তুঙ্গক —পুন্নাগ তরু।

ফিঙ্গক —ফিঙ্গাপাখী।

মার্গক —অগ্রহায়ণ মাস।

কিচক —কেকয়রাজ পুত্র, বিরাটের শ্যালক।

কীচক —নলখাগড়া, দ্রুপদরাজারশ্যালক, দৈত্য বিং।

যাচক —যাচ্‌ঞা কারী, প্রার্থী, ভিক্ষু।

নীচক —খর্ব্ব, বামন।

পাচক —অগ্নি, পিত্ত, পাককারক, জীর্ণকারক।

পেচক —পেঁচা, মো, মধমক্ষিকা, উলূক।

বাচক .—অর্থপ্রকাশক, বক্তা, কথক, বোধক।
মেচক —ময়ূর পুচ্ছ, চন্দ্রক, ধূম, মেঘ, শ্বেতাঞ্জন।
মোচক—কলাগাছ, পরিত্রাণ কারক, শোভাঞ্জন তরু।
রচক —যে রচনা করে, রচনা কারক।
রুচক —অশ্বাভরণ, মালা, লবণ, দাড়িম্ব, কণ্ঠভূষণ।
রেচক —ভেদকারক ঔষধ বিং, তিলক বৃক্ষ।
রোচক—রুচিকারক, দীপ্তিপ্রদ, ক্ষুধা, পলাণ্ডু, কদলি।
লোচক—নয়ন গোলক, চক্ষুর তারা, কজ্জল, ভূষণ বিং।
সূচক —চর, শিক্ষক, সূচী কর্ম্মকারী, কুকুর, কাক।
সেচক —মেঘ, সেচন কারী।
শোচ্যক—নীচ, ক্ষুদ্র, কনিষ্ঠ।
তঞ্চক —প্রবঞ্চক, প্রতারক।
পঞ্চক —পঞ্চপরিমিত, পাঁচ, পঞ্চ সম্বন্ধীয়।
বঞ্চক —শৃগাল, ধূর্ত্ত, প্রতারক, শঠ।
মঞ্চক —পর্য্যঙ্ক, খাট, বেদি, মাচা।
অর্চ্চক —পূজক, পূজাকারক।
মিশ্রক —দেবোদ্যান, সঙ্গীত বিং, মিশ্রকারী।
গুচ্ছক —স্তবক, পুষ্পের মালা, ময়ূরপাখা, মুক্তাহার।
আজক —ছাগলের পাল, ছাগ সমূহ।
যাজক —পুরোহিত, মদমত্ত হস্তী।
যোজক —সংযোগ কারী, সন্ধিকারী।
নেজক —ধোপা, শোধক।

প্রাজক —সারথী।
পূজক —পূজাকারক, উপাসক, সেবক, অর্চ্চক।
ব্রজক —তপস্বী, যোগী, গন্তা, গমনকারী।
ভাজক —যাহা দ্বারা ভাগ দেওয়া যায়, হারক।
ভ্রাজক —দেহানুতর্গত ধাতু বিং, পিত্ত, দীপ্তিকারক।
রজক —ধোপা।
রাজক —রাজ সমূহ, শাসন কর্ত্তা, দীপ্তিশালী।
বজ্রক —বজ্রক্ষার, উপগ্রহ।
কঞ্জক —ময়নাপাখী।
ব্যঞ্জক —প্রকাশক, অভিনয়।
রঞ্জক —বস্ত্রাদি রং কারক, প্রীতিকারক, ছিদ্র।
অর্জ্জক —উপার্জ্জক, শ্বেত তুলসী।
গর্জ্জক —যে গর্জ্জন করে, শব্দকারী।
আর্য্যক —পিতামহ, মাতামহ, শ্রেষ্ঠ।
তির্য্যক —বক্র, কুটিল।
গৃহ্যক —গৃহাসক্ত, পাখী, মৃগাদি।
গুহ্যক —যে নিধি রক্ষা করে, দেবযোনি বিং।
আটক —আবরণ, বাধা, প্রতিবন্ধক।
কটক —দেশ বিং, সৈন্যের ছাওনী, চক্র, বলয়।
কীটক —ভাটজাতি।
কোটক —ঘরামি, ঘর নির্ম্মাণকারক জাতি।
খটক —[illegible]

খেটক —পাড়া গাঁ, ফলক, ঢাল, চাসা গাঁ।
ঘটক —দূত, বিবাহের যোজক, বৃক্ষ বিং।
ঘোটক —অশ্ব, ঘোড়া।
চটক —চড়াইপাখী, বাহিরে জাকজমক।
চেটক —উপপতি, চাকর, সেবক।
জুটক —জটা, জট।
যোটক —যোটন, মেলন, ঘটক, যোজনাকারী।
তোটক —দ্বাদশাক্ষর পাদচ্ছন্দো বিং।
ত্রোটক —ছেদনাস্ত্র, নাট্যগ্রন্থ বিং।
ধটক —৪২ রতি পরিমাণ, ধাড়া।
নাটক —দৃশ্য কাব্য, পর্ব্বত বিং, নট।
পটক —শিবির, ছাউনি।
পাটক —গ্রামের অংশ, তীর, বাদ্য, ধনহানী।
পিটক —পেটারি, চাল, কুটীর, বিস্ফোট।
পুটক —পান পাত্র, পদ্ম পত্রাদি নির্ম্মিত পাত্র।
স্ফোটক —ফোড়া, আব।
বটক —পিষ্টক বিং, অষ্ট মাষা পরিমাণ।
ভাটক —মূল্য, ভাড়া।
মোটক —শ্রাদ্ধাদি সময়ে ব্যবহার্য্য কুশের মুকুট।
লটক —দুঃশীল, অসাধু ব্যক্তি।
শাটক —পরিধেয় বস্ত্র।
হাটক —স্বর্ণ, দেশ বিং, স্বর্ণ নির্ম্মিত।

কুট্টক —ছেদক, অঙ্ক বিং।
পিট্টক —দন্তকিট্টর, দাঁতেরছাতা।
বাট্টক —ভৃষ্টযব, ভাজাযব।
মট্টক —গৃহের শিরোভাগ, মট্‌কা।
শট্টক —ঘৃত জল মিশ্রিত শালিচূর্ণ, ময়দার শাটা।
সট্টক —প্রাকৃতভাষায় রচিত নাটক বিং।
কণ্টক —মৎস্যের অস্থি, সামান্য শত্রু, সূচ্যগ্র।
কুণ্টক —স্থূল।
ঘুণ্টক —গোড়ালি, গুল্‌ফ।
বণ্টক —ভাগকর্ত্তা, বিভাগ, অংশ।
লুণ্টক —নটিয়াশাক।
অষ্টক —পাণিনীর অষ্টাধ্যায় গ্রন্থ, (৮) সংখ্যা।
ইষ্টক —ইট, দগ্ধ মৃত্তিকাখণ্ড।
পিষ্টক —পূপ, পিটা, নেত্ররোগ বিং, তিলচূর্ণ, রুটী।
বেষ্টক —উষ্ণীষ, কুমুড়া, পত্রচয়, বেষ্টন কারক।
ঔষ্ট্রক —উষ্ট্র সমূহ।
পাঠক —পাঠকারক,ছাত্র, অধ্যাপক।
বৈঠক —সভা, সমাজ, অধিবেশন।
লুণ্ঠক —অপহারক, দস্যু, চোর, লুঠকারী।
কাষ্ঠক —সুগন্ধিকাষ্ঠ বিং, অগুরু।
ষষ্ঠক —ছয়ের পূরণ।
তড্ডক —যে ভর্ৎসনাকরে, তিরস্কারক।

হড্ডক —নীচ জাতি বিং, হাড়ি।

অণ্ডক —ক্ষুদ্র ডিম্ব, অণ্ডকোষ।

গণ্ডক —গণ্ডার, সংখ্যা বিং।

গুণ্ডক —গুঁড়া, চূর্ণ, মলিন।

তণ্ডক —খঞ্জনপাখী, পরিষ্কার, বহুরূপী, বঞ্চক।

দণ্ডক —ছন্দো বিং, নৃপ বিং।

পিণ্ডক —গন্ধদ্রব্য বিং, সিহ্ল, পিশাচ, পিণ্ডমূল।

ভণ্ডক —খঞ্জনপাখী, ভাঁড়।

মণ্ডক —পিষ্টক বিং, বড়া, গীতের অঙ্গ বিং।

মুণ্ডক —মস্তক, শিরঃ, নাপিত।

রণ্ডক —ফলহীন তরু, রাঁড়া গাছ।

শুণ্ডক —শৌণ্ডিক, শুঁড়, রণ সিঙ্গা।

পুণ্ড্রক —কাজলি আক, দৈত্য বিং, ফোটা, দেশ বিং।

পৌণ্ড্রক—পুড়ি আক, জাতি বিং, সেব্য মধু।

কতক —(দেং) কতকগুলা, নির্ম্মলী, তৎফল।

কৃতক —কল্পিত, কৃত্রিম লবণ।

ক্রীতক —ক্রীতপুত্র।

কেতক —কেয়াফুলের গাছ, তৎপুষ্প।

কৈতক —কেতক সম্বন্ধীয়।

খাতক —খানা, পরিখা, ঋণী, অধমর্ণ।

ঘাতক —বধকর্ত্তা, প্রহারক।

চাতক —স্বনাম প্রসিদ্ধপাখী, মাছরাঙ্গা পাখী

চেতক—উদ্বোধক, যে বিস্মৃত বিষয় স্মরণ করায়।
জাতক—জাত, উৎপন্ন, সন্ন্যাসী, জাতকর্ম্ম।
যুতক—সংশয়, সন্দেহ, যুগ্ম, যৌতুক, বন্ধু, চেল্যঞ্চল।
যৌতক—বিবাহাদিতে লব্ধ ধন।
তূতক—তুঁতিয়া, তুত্থ।
দ্যোতক—ব্যঞ্জক, প্রকাশক।
স্নাতক—আপ্লুতব্রতি গৃহস্থ।
পাতক—অশুভ, অঘ, পাপ, পতন, সাধন, কলুষ।
ভৃতক—বেতনগ্রাহী, বেতন।
মৃতক—মৃতদেহ, মড়া, শব, মরণাশৌচ।
শতক—একশত সংখ্যা।
শীতক—শীতকাল, দীর্ঘসূত্রী, অলস, সুখীমনুষ্য।
সুতক—জননাশৌচ।
সূতক—জন্ম, জননাশৌচ, পারা।
শ্বেতক—রূপা, কড়ী।
হতক—ভীরু, কাপুরুষ।
হিতক—বালক, শিশু।
দত্তক—পোষ্য পুত্র।
চিত্রক—ব্যাঘ্র বিং, চিত্রকারী; চিত্র, ফোটা।
চৈত্রক—চৈত্রমাস, মধুমাস, ভারতবর্ষের পর্ব্বত সমূহ।
ছত্রক—মাছরাঙ্গা পাখী, মৌচাক, দেবমন্দির, ছত্র।
পত্রক—তেজপাত, পাতা, পত্রাবলি রচনা।

পুত্রক —পুত্র, স্নেহ পাত্র, শরভ, শৈল বিং, পতঙ্গক।
পুত্রক —পুত্র, স্নেহ পাত্র, শরভ, ধূর্ত্ত, শৈল বিং,।
বৈত্রক —বেত্র সম্বন্ধীয়।
আত্মক—আত্মীয়, স্বীয়।
দ্ব্যাত্মক—পদার্থদ্বয় সম্বন্ধীয়, রাশি বিং।
তিক্তক—পটোল, চিরতা, নাটাগাছ ইত্যাদি।
নক্তক —রুমাল, ছিন্নবস্ত্র।
মুক্তক —বড়শা প্রভৃতি অস্ত্র, ক্ষেপণীয় অস্ত্র বিং।
রক্তক —লালভেরেণ্ডা, অম্লানবৃক্ষ, রুধির, অনুরাগী।
অন্তক —কৃতান্ত, যম, নাশক, নিহন্তা।
চিন্তক —যে ভাবনা করে, চিন্তয়িতা।
দন্তক —নাগদন্ত, দাণ্ডা, দন্ত।
যন্ত্রক —কুঁদ, কাষ্ঠযন্ত্র, যাঁতা, ভ্রমী।
তন্ত্রক —নববস্ত্র, নূতন কাপড়।
দীপ্তক —স্বর্ণ।
লিপ্তক —বিষাক্ত বাণ।
সপ্তক —সাতের পুরণ, সপ্ত সংখ্যা বিশিষ্ট।
কীর্ত্তক —যে কীর্ত্তন করে।
ধূর্ত্তক —শৃগাল, ধূর্ত্ত।
নর্ত্তক —নৃত্যকারী, নট, বাজীকর, হস্তী, স্তুতিপাঠক।
বর্ত্তক —অশ্বের ক্ষুর, লৌহ বিং, ভারুই পক্ষী।
অস্তক —মুক্তি, মোক্ষ, নির্ব্বাণ।

পুস্তক —বহী, গ্রন্থ, লিপি প্রভৃতি, শিল্পকর্ম্ম।
মস্তক —শিরঃ, মাথা, উচ্চ।
লস্তক —ধনুকের মূর্দ্ধভাগ।
শস্তক —শতসংখ্যা বিশিষ্ট, অঙ্গুলিত্রাণ, দস্তানা।
শস্ত্রক —লৌহ, লোহা।
কথক —বক্তা, বর্ণনা করা।
গাথক —গায়ক, গানকারী।
থুথক —থুথু।
শোথক —স্ফীততা, ফুলারোগ, গোদ।
উক্থক—উক্থক নামক বেদাংশজ্ঞ ব্রাহ্মণ।
শিক্থক—মোম, একগ্রাস অন্ন।
সিক্থক—মধূচ্ছিষ্ট, মধুত্থ, মোম।
তুত্থক —তুঁতিয়া, অঞ্জন বিং, অগ্নি।
স্বার্থক —অর্থযুক্ত, অন্বর্থ, সফল, অধিনায়ক বিং।
উদক —বারি, জল, উদ্‌বিড়াল।
কদক —চাঁদোয়া, চন্দ্রাতপ, বিতান।
খাদক —ঋণী, অধমর্ণ, ভক্ষক।
ছাদক —আচ্ছাদক, যে ঘরের ছাদ তৈয়ার করে।
ছিদক —ইন্দ্রের বজ্র, বাজ, অশনি, ইন্দ্রপ্রহরণ।
ছেদক —যে ছেদন করে, কর্ত্তক, ভাজক।
পদক —যে লোক পদ জানে, কণ্ঠাভরণ বিং।
বাদক —বাদ্য করা, বক্তা।

ভিদক —খড়্গা, বজ্র।
মাদক —মত্ততাজনক্, বিহ্বলকারী, দাত্যূহ পক্ষী।
মোদক —মিষ্টান্ন বিং, ময়রা, হর্ষজনক, জাতি বিং।
বৈদ্যক —আয়ুর্ব্বেদ চিকিৎসাশাস্ত্র।
ভদ্রক —মুস্তক বিং, দেবদারুবৃক্ষ, সুন্দর, মঙ্গলময়।
মদ্রক —মর্দ্রদেশজাত, মর্দ্রদেশোৎপন্ন।
পদ্মক —বিন্দুজালিক, কুষ্ঠরোগ।
চন্দক —চন্দ্রকিরণ, চাঁদামাছ।
নন্দক —কৃষ্ণেরখড়্গা, কৃষ্ণের পালকপিতা,আনন্দ।
নিন্দক —অপবাদ কারী, নিন্দুক।
বন্দক —স্তুতিপাঠক, বন্দন কারী, আবদ্ধ।
ইন্দ্রক —সভাগৃহ, অবস্থান গৃহ।
চন্দ্রক —ময়ূরপুচ্ছের চক্রাকার চিহ্ন, চাঁদামাছ, নখ।
চান্দ্রক—শুঁঠী, শুঠ।
আর্দ্রক -মূল বিং, আদা।
দোধক—একাদশাক্ষর ছন্দো বিং।
বধক —হত্যাকারী, হিংস্র।
বাধক —বাধাজনক, বিরোধী, স্ত্রীরোগ বিং।
বেধক —বিদ্ধকারক, কর্পূর, ধনিয়া।
বোধক—জ্ঞাপক, সূচক, প্রতিনিধি, চর, শিক্ষক।
রোধক—নিবারণকর্ত্তা।
সাধক —সাধনকর্ত্তা, আরাধক।

শোধক—শোধনকারক, পাবন।

অন্ধক —দেশ বিং, মুনি বিং, অসুর বিং, অন্ধকার।

গন্ধক —উপধাতু বিং, শক্তি, বীর্য্য।

বন্ধক —বিনিময়, বাঁধা, গচ্ছিতবস্তু।

রন্ধক —আঘাতকারী, ক্ষতিকারক।

অর্দ্ধক—অর্দ্ধ, আধ।

ঊর্দ্ধক—ঢক্কা বিং, মৃদঙ্গ, রোগ বিং।

বর্দ্ধক —বৃদ্ধিকারক, ছেদনকারী।

বার্দ্ধক—বৃদ্ধাবস্থা, বৃদ্ধেরকর্ম্ম।

মূর্দ্ধক —ক্ষত্রিয়।

অনক—নীচ, অধম।

আনক-উৎসাহকারক, অপকৃষ্ট, ক্ষুদ্র, মৃদঙ্গ।

কনক —ধুস্তুরবৃক্ষ, স্বর্ণ, সোণা।

কানক—জয়পালেরবিচি।

কুণক —পশুশাবক।

খনক —মূষিক, সিঁদালচোর, খননকর্ত্তা।

গণক —দৈবজ্ঞ, গণৎকার।

গুণক —যে অঙ্কদ্বারা অন্য অঙ্কের গুণ করা যায়।

চণক —শস্য বিং, বুট,ছোলা, মুনি বিং॥

জনক—পিতা, মিথিলার রাজা, কারণ, উৎপাদক।

টনক—কঠিন, দৃঢ়, হঠাৎস্মরণ, জরুরী।

তুনক—(১৫) অক্ষর ছন্দো বিং।

স্তুনক—অজ, ছাগ।
স্থানক—আলবাল, নগর, ফেণ, বুদ্‌বুদ্‌।
ধাণক—দীনারভাগ, সুবর্ণের পরিমাণ।
ধানক—ধন্যা, ধনিয়া।
ধূনক—শালরস, ধূনা।
নাণক—ধর্ম্মপ্রচারক বিং, শীকজাতির আচার্য্য,প্রশস্ত।
প্রাণক—কাঁচলি, ঢোল, বস্ত্র, প্রাণী, সৎজাতি।
বানক—(দেং) রেশম প্রস্তুত করিবার স্থান।
মানক—মানকচু, মানকচুর গাছ।
লূনক—চতুষ্পদ জন্তু, পশু।
সনক—মুনি বিং, ব্রহ্মার পুত্র।
শুণক—মুনি বিং, কুক্কুর, সারমেয়, শ্বা।
শাণক—বৃক্ষ বিং, শোণাগাছ।
শৌণক—মুনি বিং, পুরাণবক্তা।
ছিন্নক—অল্প পরিমাণে কর্ত্তিত, চেরা।
ভিন্নক—ক্ষপণক, বৌদ্ধ।
অন্বক—অনুগামী, পশ্চাদ্‌গামী।
ধান্যক—ধন্যা, ধনিয়া।
পুণ্যক—ব্রত বিং।
তীক্ষ্ণক—সর্ষপ বিং, রাইসরিসা, মুক্তাধার, ফলি।
নগ্নক—বিবস্ত্র, নেংটা, জামিন, প্রতিভূ।
লগ্নক—প্রতিভূ, জামিন।

স্বপ্নক —নিদ্রাশীল, নিদ্রিত।
কর্ণক —নিয়ন্তা, কর্ণধার।
চূর্ণক —গুঁড়া, ধূলি বিং।
তর্ণক —সদ্যোজাত শিশু, সদ্যোজাত গোবৎস।
বর্ণক —চন্দন, হরিতাল, বিলেপন।
উষ্ণক —জ্বর, গ্রীষ্মকাল, অনশন, ক্ষিপ্রকারী।
ক্ষ্যাপক—যে ক্ষেপনকরে, গুচ্ছ, অক্ষ বিং।
গোপক—যে গোপন করে, রক্ষক।
জ্ঞাপক—আবেদক, যে জানায়, নিবেদক।
জাপক —জপকারক, যে জপকরে।
তাপক —জ্বর, তাপজনক, তপন, দহন।
স্থাপক —স্থাপনকারী, নাট্যসম্পাদক।
দাপক —যে দেওয়ায়।
দীপক —প্রকাশক, জ্বালানিয়া,শোভাকর,রাগিনীবিং।
স্নাপক —যে স্নানকরে।
ব্যাপক —বিস্তারিত, বাচাল।
রূপক —আকৃতি, সংখ্যা বিং, অলঙ্কার বিং, মূর্ত্তি।
লেপক —লেপনকারক, রাজমিস্ত্রী, জাতি বিং।
গোপ্যক—রক্ষণীয়, পালনীয়, দাস, ভৃত্য।
দীপ্যক —অজমোদা, যবানী, অলঙ্কার।
দর্পক —মদন, অহঙ্কারী, উত্তেজক।
শূর্পক —অসুর বিং, মদনেরশত্রু।

চম্পক —চাঁপাগাছ, চাঁপাফুল।
কল্পক —নাপিত, ছেদনকারী, কল্পনাকারক।
কাল্পক—কাঁচা হলুদ।
জল্পক —যে অনেক বকে, বাচাল।
পুষ্পক —কুবেরের রথ, রত্ননির্ম্মিত কঙ্কণ, রসাঞ্জন।
কবক —কবল, গ্রাস।
শ্রাবক—শাক্য-মুনির শিষ্য বিং, কাক, শ্রোতা।
স্রাবক —ক্ষরণশীল, মরিচ।
যবক —শূক ধান্য বিং, যব।
যাবক —আল্‌তা, যবান্ন, অর্দ্ধপক্ক যব, বোরোধান।
জীবক —সেবক, ভৃত্য, বৃদ্ধিজীবী, আশীর্ব্বাদক।
যুবক —যুবা, তরুণ, বয়ঃক্রম প্রাপ্ত।
তবক —অগ্ন্যস্ত্র বিং, তোমার, তৎসম্বন্ধীয়।
তাবক —ত্বদীয়, তোমার।
স্তবক —পুষ্পের গুচ্ছ, তোড়া, স্তুতি, স্তবকারক।
স্তাবক —গুণগায়ক, স্তুতিকারক।
দ্রাবক —ঔষধ বিং, রসিক, চন্দ্রকান্তমণি, চোর।
দেবক —কৃষ্ণের মাতামহ, ক্রীড়ক, দেব সদৃশ।
ধাবক —দ্রুতগামী, পরিষ্কারক, কবি বিং, ধোপা।
ধ্রুবক —ছিন্ন বৃক্ষের মূলদেশ, গাছের গুঁড়ি।
প্লবক —প্লাকুড়গাছ, ভেক, চণ্ডাল।
পাবক —অগ্নি, বৈদ্যুতাগ্নি, সদাচার, পবিত্রকারক।

ভাবক —চিন্তাকারী, উৎপাদক।
শাবক —শিশু, বৎস, ছানা।
শিবক —কীলক, খোঁটা, গোঁজ।
সেবক —সেবাকারী, পরিচারক।
দ্রব্যক —দ্রব্য বাহক, দ্রব্য সম্বন্ধীয়।
অম্বক —চক্ষুঃ, তাম্র, পিতা।
চুম্বক —লৌহাকর্ষক মণি, শঠ, সংক্ষেপ।
চৌম্বক—আকর্ষক, চুম্বক সংক্রান্ত।
ত্র্যম্বক —শিব, মহাদেব, ত্রিলোচন।
তুম্বক —অলাবু, লাউ।
নিম্বক —নিমগাছ।
বিম্বক —চন্দ্র ও সূর্য্যমণ্ডল, তেলাকুচা ফল।
পর্ব্বক —উরুসন্ধী, হাঁটু।
অভ্রক —স্বনাম প্রসিদ্ধ ধাতু, অভ্র।
কুম্ভক —প্রাণ বায়ু ধারণ করা, যোগ বিং।
জম্ভক —জম্বীর লেবু, জৃম্ভনকারী।
জৃম্ভক —হাইতোলা, নিদ্রাজনক।
ডিম্ভক —শিশু, মূর্খ, অজ্ঞ।
অর্ভক —শিশু, কোন জন্তুর ছানা, মূর্খ, সূক্ষ্ম, তুল্য।
গর্ভক —খোঁপার মালা, কেশভূষা, ২ রাত্রি ১ দিন।
খমক —বাদ্য যন্ত্র বিং।
ক্ষেমক —গন্ধদ্রব্য বিং, স্থান বিং।

গমক —জ্ঞাপক, প্রেরক, গময়িতা, বোধক।
যমক —শব্দালঙ্কার বিং, ১ গর্ভজ ২সন্তান, যোড়া।
ঝামক —পোড়া ইট, ঝাঁমা।
ঠমক —(দেং) প্রগল্‌ভতা, ছেনালী।
দমক —দমনকারী, শাসনকর্ত্তা।
ধমক —ভৎর্সনা, তিরস্কার, কর্মকার।
ধামক —মাষা পরিমাণ।
ধৌমক —দেশ বিং।
ভামক —ভগিনীপতি।
ভ্রামক —চুম্বক পাথর।
মামক —মাতুল, কৃপণ, মদীয়, মমতাবিশিষ্ট।
রমক —উপপতি, জার।
রোমক —রুমনগর, পাঙ্গাশুন, অয়স্কান্ত মণি বিং।
লমক —জার, উপপতি।
শমক —শময়িতা, শান্তিকারক।
সামক —মুল ধন, আসল টাকা, শাণ পাথর।
শ্যামক —ধান্য বিং।
হোমক —হোতা, হোমকর্ত্তা।
রম্যক —পটল মূল, জম্বুদ্বীপের বর্ষ বিং।
তাম্রক —তামা, তাম্র।
ধূম্রক —কৃষ্ণ লোহিত বর্ণ যুক্ত।
অরক —শৈবাল, আব্‌ড়ি, পর্প্পট নামক ঔষধি।

করক —পক্ষি বিং, বৃক্ষ বিং, রাজস্ব, কমণ্ডলু।
কারক —কর্ম্মকারক, ক্রিয়ার সহিত অন্বয়।
কোরক —মুকুল, কুঁড়ি, মৃণাল।
ক্ষারক —অচিরজাতফল, জালক, পক্ষী,খাঁচা,রজক।
ক্ষুরক —তিলক, কোকিলাক্ষ।
চরক —বৈদ্য গ্রন্থ বিং, ভিক্ষু, চর, দূত, প্রণিধি।
চারক —গো বা পশু চারক, বন্ধন, শৃঙ্খল, সঙ্গী।
জারক —যাহা জীর্ণ করে, পরিপাচক।
জীরক —জীরা, জন্তু, খড়্গা, মসলা বিং।
টেরক —যাহার চক্ষু টেরা, বক্র দৃষ্টি।
ডোরক —বাহু প্রভৃতির বন্ধনসূত্র, তাগা।
তারক —চক্ষুর তারা, নক্ষত্র, কর্ণধার, রক্ষক, ভেলা।
দারক —শিশু পুত্র, কৃষ্ণের সারথি,বিদারণকারক।
দ্বারক —কৃষ্ণের রাজধানি।
দোরক —বীণাতন্ত্রী, বন্ধনরজ্জু।
ধারক —যে ধারণ করে, অধমর্ণ, কলসী।
নরক —দৈত্য বিং,নরকাসুর,পাপীদিগের দণ্ডস্থান।
নারক —নরকভোগী, নরক সম্বন্ধীয়।
পারক —সমর্থ, নিপুণ, পালনকারী, উদ্ধারকারী।
পূরক —পরিপূর্ণকারক, গুণক, গুণসাধক, দশপিণ্ড।
পৌরক —বাটীর বহিঃস্থিত উদ্যান, নিষ্কুট।
বরক —বস্ত্র, পোতাচ্ছাদন।

বারক —ক্লেশের স্থান, নিবারক, অশ্ব ও তৎ গতি।

বেরক —কর্পূর।

বোরক —লিপিকর, লেখক, কেরাণী।

মরক —মারী, মড়ক, স্পর্শাক্রামক রোগজ মৃত্যু।

মারক —মড়ক, বাজপক্ষী, হত্যাকারক।

সরক —গমনশীল, সরোবর, স্বর্গ, মদ্যপান পাত্র।

সারক —রেচক, ভেদক, হজমি।

স্মারক —স্মৃতিজনক, স্মরণকারী, উদ্বোধক।

সীরক —শিশুমার, শশুক।

হারক —চৌর, গদ্য, ভাজক, হরণকারী।

হীরক —রত্ন বিং, হীরা, জহর।

এড়ক —মেষ, মেড়া, বুনোছাগল।

কড়ক —করকচ লবণ।

গড়ক —গড়ুইমাছ।

গুড়ক —গুড় দ্বারা পক্ব ঔষধ বিং।

চড়ক —চৈত্রমাসের সংক্রান্তির পর্ব্ব বিং, গাজন।

তাড়ক —যে তাড়না করে।

তোড়ক —যে ভাঙ্গিয়া ফেলে।

দাঁড়ক —দাড়া, বড় দাঁত।

দৃড়ক —উনন, চুলী, অগ্নিকুণ্ড।

ভড়ক —গর্ব্ব, চাতুরী, ফাঁকী।

মড়ক —মারিভয়, মৃত্যু সময়, মেড়ুয়া, শস্য বিং।

সড়ক　—রাস্তা, বর্ত্ম, পথ।

আঢ়ক　—ধান্যাদি মাপিবার পরিমাণ পাত্র বিং।

রীঢ়ক　—মেরুদণ্ড, পৃষ্ঠ বংশ, শিরদাঁড়া।

অলক　—কোঁকড়া চুল, অঙ্গলিপ্ত কুঙ্কুম, মেঘ বিং।

এলক　—মেষ, মেড়া।

ঔলক　—উলুক ও পেচক সমূহ।

কালক　—মঙ্গলামঙ্গল গণক, জতুক, রোগ বিং।

কীলক　—খোঁটা, গোঁজ, খিল।

কুলক　—কুলশ্রেষ্ঠ, সর্প বিং।

কূলক　—উয়ের ঢিপি, স্তূপ, তট।

কোলক　—আকরোট গাছ, মরিচ, কাঁকলা।

খোলক　—গুবাকের খোসা, পাকড়ী, পত্র, হাঁড়ি

গোলক　—বর্ত্তুলাকার বস্তু, জারজ সন্তান, গন্ধরস।

চালক　—মত্তহস্তী, যে ব্যক্তি শকটাদি চালায়।

চূলক　—কেশ, চুল।

চোলক　—সাঁজোয়া, বর্ম্ম, কবচ, ছাল।

জলক　—শঙ্খ, শাঁক।

জালক　—কলিকা, কুঁড়ি, জাল, ভূষণ বিং, কদলী।

ডলক　—বংশাদি নির্ম্মিত পাত্র, ভার।

তলক　—পুষ্করিণী, সরোবর।

তালক　—হরিতাল, দ্বাররোধক যন্ত্র।

তিলক　—গাত্রতিলক, ফোঁটা, তিলগাছ।

তূলক —কার্পাস।

তৈলক —তৈলকারক, কলু, তেলি।

তোলক —পরিমাণ বিং, তোলা, ১৬ মাষা।

দোলক —সূক্ষ্ম সূত্রাদিতে দোলায়মান ভারিদ্রব্য বি।

ধূলক —বিষ, কালকূট।

নলক —অস্থি বিং, নল, পাব, নাসিকাভরণ বিং।

পালক —রক্ষক, প্রতিপালনকর্ত্তা।

পীলক —পিপীলিকা, পিঁপীড়া।

পুলক —লোমাঞ্চ, প্রস্তর বিং, গজান্নপিণ্ড, হরিতাল।

ফলক —ঢাল, অস্ত্রের ফলা, নিতম্ব, তক্তা, অস্থিখণ্ড।

বালক —শিশু, ঘোটকপুচ্ছ, বালা, অঙ্গুরিয়ক।

ব্যালক —দুষ্টগজ, গম্ভীরভেদী, অঙ্কুশদুর্দ্ধর, চালাক।

বোলক —লেখক, কেরাণী।

মালক —নিমগাছ, স্থলপদ্ম, নারিকেলের মালা।

মূলক —কন্দ বিং, মূলা, স্থাবরবিষ বিং।

মেলক —সঙ্গ, সহবাস, ঐক্যকারক।

শলক —লূতা, মাকড়সা।

শ্যালক —পত্নীর ভ্রাতা।

হরিক —পীত হরিদ্বর্ণ অশ্ব।

ক্ষুল্লক —অল্প, লঘু, কনিষ্ঠ।

গল্লক —চষক, মদ্যপানপাত্র।

ঝল্লক —কাংস্যনির্ম্মিত বাদ্যযন্ত্র বিং, করতাল।

ডল্লক —বংশাদি নির্ম্মিত পাত্র, ভার।

ভল্লক —ভালুক, ঋক্ষ।

মল্লক —মালা, দীপাধার, প্রদীপ, দন্ত।

রল্লক —নেত্রলোম, পক্ষ্ম, মৃগ বিং, কম্বল।

শল্লক —বৃক্ষ বিং, ত্বক্, আঁইস।

হল্লক —রক্তকহ্লার, রক্তহোলা।

কুল্বক —জিহ্বামূলী।

তিল্বক —পাণ্ডুবর্ণ লোধ্র বৃক্ষ বিং।

শল্যক —ময়নাগাছ, শজারু, বর্ষা।

শুক্লক —শুক্লপক্ষ, শ্বেতবর্ণ।

অংশক —অংশাধিকারী, জ্ঞাতি।

আশক —প্রেমকারী, বন্ধু।

কংসক —হীরাকস।

কৃষক —চাষা, লাঙ্গলের ফাল, বৃষ, কর্ষক।

ঘোষক —যে ঘোষণা করে, প্রচারক।

চষক —মদ্যপানপাত্র, মধু (দেং) হালচাষকারী।

ত্রিংশক —ত্রিশ, ত্রিংশৎ, সমূহ।

স্থাসক —গন্ধচূর্ণ,জলবিম্ব।

দশক —দশ সংখ্যা, দক্ষিণ দিক হইতে দ্বিতীয় অঙ্ক।

দংশক —দংশনকারী, ডাঁশ, মশা, মশক।

দূষক —অপবাদ, নীচ, ঘৃণিত।

দেশক —শাসনকর্ত্তা, উপদেষ্টা।

দোষক —গোবৎস, বাছুর।
ধ্বংসক —যে ধ্বংস করে।
নাশক —ধ্বংসকারী, যে নাশ করে।
পাশক —পাশা, অক্ষ।
পাষক —পদাভরণ বিং, পামুলী।
প্রাসক —পাপক, অক্ষ, পাশা, কুন্ত, কোঁচ।
পোষক —পালক, পোষণকারী।
বংশক —বাঁশপাতা মাছ, ইক্ষু বিং, অগুরুচন্দন।
ব্যংশক —পর্ব্বত।
ব্যংসক —ধূর্ত্ত, প্রতারক, বাজিকর।
বাসক —বৃক্ষ বিং, বাসক গাছ।
বিংশক —বিংশতি, (২০)।
বেশক —প্রবেশক, (যাং) নিঃসন্দেহ।
মশক —রুচী বিং, ভিস্তী, রোগ বিং, মশা, আঁচিল।
মসক —মসা, ক্ষুদ্র রোগ বিং।
মাষক —স্বর্ণাদির পরিমাণ বিং, ৫ রতি।
মূষক —ইন্দুর, তস্কর।
মোষক —তস্কর, চোর, অপহারক।
রসক —যূষ রহিত সিদ্ধ মাংস, নিক্বাথ মাংস।
রাসক —নাট্য গ্রন্থ বিং।
লাসক —ময়ূর, ঘরের মট্‌কা, নৃত্যকারী।
শশক —জলজন্তু বিং, খরগোশ, চন্দ্রের লাঞ্জন।

শাসক —শাসনকারী, শাসনকর্ত্তা।

সীসক —সীসাধাতু।

শোষক —শোষণকর্ত্তা, রস কর্ষক।

হংসক —পদাভরণ বিং, রাজহংস।

হিংসক —হিংসাকারক, হিংস্রজন্তু, অথর্ব্ব বেদবেত্তা।

অশ্বক —অশ্বতুল্য, অপকৃষ্ট অশ্ব, দেশ বিং।

তিষ্যক —পৌষমাস।

সস্যক —মণি বিং, নারিকেলের শাঁশ, অসি।

ভস্মক —চক্ষু রোগ বিং, বিড়ঙ্গ, স্বর্ণ, রৌপ্য।

শ্লেষ্মক —কফ,ছর্দ্দি।

গুৎসক —গ্রন্থ পরিচ্ছেদ বিং, স্তবক,গোছা,হার বিং।

কর্ষক —কৃষক, আকর্ষক।

দর্শক —যে দেখে, দৃষ্টিকর্ত্তা, দ্বারপাল, প্রবীণ।

ধর্ষক —নট, নৃত্যকারী, দাম্ভিক, ধর্ষণকারী।

স্পর্শক —স্পর্শকারী, যে ছোঁয়।

পর্শ্বক —কক্ষের অধোভাগ, পার্শ্ব।

শীর্ষক —টোপর, পাগড়ী, মস্তক, রাহু গ্রহ।

হর্ষক —পর্ব্বত বিং, আহ্লাদজনক।

আহক —নাসা রোগ।

কুহক —ইন্দ্রজাল, ভেল্কী, ছল, প্রতারণা।

গ্রাহক —গ্রহণকর্ত্তা, বাজপাখী, সাপুড়ে।

জহক —ত্যাগকারী, সময়, বালক, সাপের খোলস।

জাহক —বিড়াল, শয্যা, খাট, জোঁক।
দাহক —দাহনকারী, রাঙ্‌চিতা।
দোহক —যে দুগ্ধ দোহন করে, গোয়ালা।
বাহক —সারথি, সূত, বহনকারী।
মহক —মহৎ ব্যক্তি, কচ্ছপ, বিষ্ণু।
রুহক —গহ্বর, ছিদ্র।
রোহক —আরোহণকর্ত্তা, প্রেত বিং।
শিহ্লক —গন্ধ দ্রব্য বিং।
সিহ্লক — ঐ, শৈলজ।
অপক্ব —যাহা পক্ব নয়, কাঁচা।
আপক্ক —ঈষৎপক্ব, অর্দ্ধপক্ক।
মহক্ক —বহু স্থান ব্যাপি আমোদ।
অপক্ক —যাহা পাকানয়, কাঁচা।
সুপক্ক —উত্তম পাকা।
চাকচক্য —দীপ্তি, উজ্জ্বলতা।
প্রার্থক্য —পৃথকত্ব, বিভিন্নতা।
বার্দ্ধক্য —বৃদ্ধ জীবী, সুদখোর, প্রাচীনতা, বৃদ্ধকাল।
চাণক্য —মুনি বিং, চাণক্য প্রণীত গ্রন্থ বিং।
যবক্য —যবোৎপাদক ভূমি।
পারক্য —পরকীয়তা, পরাধীনতা, সামর্থ, শত্রুবৎ।
অশক্য —শক্তির বহির্ভূত, অসাধ্য।
কুচক্র —চক্রান্ত, কুমন্ত্রণা।

প্রচক্র —চলিত সৈন্য।
ষট্‌চক্র —শরীরের মধ্যস্থিত পদ্মাকার ৬প্রকার চক্র।
ভূশক্র —রাজা।
কুটঙ্ক —ছাদ, চাল, গিরি সমীপ।
বিটঙ্ক —কপোতপালিকা, পায়রার খোপ।
পর্য্যঙ্ক —পালঙ্গ, খাট, পালঙ্ক, খট্বা।
আতঙ্ক —ভয়, শঙ্কা, পীড়া, অস্বাস্থ্য, যাতনা, দুঃখ।
করঙ্ক —দেহের অস্থি,মাথার খুলি, ইক্ষু বিং, ডিপে।
বারঙ্ক —পক্ষি, বিহঙ্গ।
তাড়ঙ্ক —কর্ণভূষণ বিং, হস্তালঙ্কার বিং।
কলঙ্ক —চিহ্ন, তম্রাদি পাত্রের দাগ, ধাতুর ময়লা।
পালঙ্ক —পালম শাক, রাজপাক্ষী, বাজপক্ষী।
পল্যঙ্ক —খট্টা, খাট, পর্য্যঙ্ক।
অশঙ্ক —নির্ভয়।
নিঃশঙ্ক —নির্ভয়।
বিশঙ্ক —নির্ভয়, শঙ্কা রহিত।
সশঙ্ক —ভীত, শঙ্কাযুক্ত।
ভাবৎক —ভবদীয়।
প্রতর্ক —সংশয়।
বিতর্ক —বাদানুবাদ, তর্ক, বিচার, সংশয়, সন্দেহ।
সতর্ক —সাবধান, তর্কযুক্ত।
সম্পর্ক —সম্বন্ধ, মিলন, মৈথুন, স্ত্রীসংসর্গ।

অলর্ক —শ্বেতাকন্দ গাছ, খেপা কুকুর।

গল্লর্ক —চষক, মদ্য পান পাত্র।

অকল্ক —ফেণা রহিত, যে মৎস্যের আঁইস নাই।

শ্বফল্ক —বৃষ্ণিপুত্র, অক্রূরের পিতা।

বর্চ্চস্ক —বিষ্ঠা, পুরীষ, মল।

অক—অন্ত। (৪) চতুরক্ষর।

চিত্রত্বক্ —ভূর্জ্জপত্র বৃক্ষ।

গন্ধত্বক্ —এলবালুকা।

বহুত্বক্ —ভূর্জ্জপত্রের গাছ।

কৌক্ষেয়ক—কক্ষিবদ্ধ খড়্গ।

নিশ্চায়ক —নির্ণায়ক, নিশ্চয় কারক।

ঐন্দ্রিয়ক —প্রত্যক্ষ, ইন্দ্রিয়ের বিষয়, ইন্দ্রিয়গ্রাহ্য।

বিধায়ক —জনক, ব্যবস্থাপক,কর্ত্তা, কর্ম্মকারক।

নিনায়ক —যে নির্ণয় করে, নিষ্পত্তি কারক।

বিনায়ক —গণেশ, গরুড়, শিক্ষক, বুদ্ধ, বিঘ্ন।

বৈনায়ক —বিনায়ক সম্বন্ধীয়।

ধনীয়ক —ধান, ধনিয়া।

বনীয়ক —যাচক, ভিক্ষুক।

ধন্নেয়ক —ধন্যাক, ধনিয়া।

চাম্পেয়ক —কিঞ্জল্ক, ফুলের পাপড়ি, কেশর।

গ্রৈবেয়ক —কণ্ঠভূষণ, গ্রীবা সংক্রান্ত।

আহ্বায়ক—যে আহ্বান করে, দূত।

প্রমায়ক —প্রমাণকারক, জ্ঞাতা।
নির্ম্মায়ক —নির্ম্মাণকর্ত্তা, নির্ম্মাপক।
কালীয়ক —শৈলজ গন্ধ দ্রব্য বিং, কুঙ্কুম।
কৌলেয়ক—কুলীন, যে গৃহে পালিত, কুকুর।
অসূয়ক —যে অসূয়া করে।
বৈকক্ষক —বক্ষঃস্থলে বক্রভাবে স্থাপিত মাল্য।
উপেক্ষক —অবজ্ঞা কারক, উদাসীন, সহিষ্ণু।
শ্রীবৃক্ষক —অশ্বের হৃদয়াস্থিত শ্বেত রোমাবর্ত্ত।
নিরীক্ষক —নিরীক্ষণ কারী।
পরীক্ষক —পরীক্ষা কারক, দোষ গুণ বিচারক।
কুটুঙ্গক —লতা গৃহ, ছাদ, চাল।
বধাঙ্গক —বিষ, কারাগৃহ,বন্ধনালয়; জেল।
কুরঙ্গক —মৃগ, হরিণ।
কলিঙ্গক —ইন্দ্রযব, পক্ষি বিং।
কুলিঙ্গক —চড়ুই পাখী।
সমুদ্গক —সম্পূটক, কৌটা, খুঙি প্রভৃতি।
উৎকোচক—যে ঘুষ দেয়।
নিকোচক—অঙ্কোট বৃক্ষ।
কুটীচক —পুত্রান্নজীবী, জাতি বিং।
মণীচক —চন্দ্রকান্তমণি, মাছরাঙ্গাপাখী।
পাপচক —নিরন্তর পাপকারী।
প্রবাচক —প্রকৃষ্ট বক্তা, বাগ্মী, পরিভাষিক।

বিবেচক —বিচারক্ষম, বিবেচনাকারী।
সমীচক —মৈথুন, স্ত্রীসংসর্গ।
সৌমেচক—স্বর্ণ, সোনা।
বিরেচক —ভেদকারক, জোলাপ।
অরোচক —রোগ বিং, অরুচিরোগ।
নিকুঞ্চক —পরিমাণ বিং, বৃক্ষ বিং।
প্রবঞ্চক —ধূর্ত্ত, শঠ, প্রতারক।
ত্রিকূর্চ্চক —ত্রিধার অস্ত্র।
বনার্চ্চক —মালী, মালাকার।
আয়োজক—সংগ্রহকারক, উদ্যোগী।
নিয়োজক —যে নিয়োগকরে, নিযোক্তা।
প্রয়োজক —প্রেরক, অনুষ্ঠানকারী।
নির্ণেজক —রজক, ধোপা।
বিভাজক —বিভাগকর্ত্তা।
অরাজক —রাজা শূন্য দেশ।
লামজ্জক —বেণারমূল, উষির।
উন্মজ্জক —উন্মজ্জনকারী, তাপস বিং।
করঞ্জক —করমচা গাছ।
আচার্য্যক—আচার্য্যকর্ম্ম, উপদেশ।
অভ্রার্জ্জক —শ্বেততুলসী তরু।
সিতার্জ্জক —শ্বেততুলসী।
অনার্জ্জক —অগুরু কাষ্ঠ।

সম্মার্জ্জক —পরিষ্কারক, সম্মার্জ্জনী।

কঙ্কটক —সাঁজোয়া, বর্ম্ম, যুদ্ধবীরের অঙ্গস্ত্রাণ।

কুক্কুটক —কুক্কুট, সঙ্কর জাতি বিং।

কর্ক টক —কাঁকড়া, কাঁকুড়, কলস, পক্ষি বিং।

নর্কুটক —নাসিকা, নাক।

নিকোটক—অঙ্কোট বৃক্ষ।

আখেটক—শিকারী, মৃগয়া।

শৃঙ্গাটক —পর্ব্বত বিং, চতুষ্পথ, পানিফল।

উদ্ঘাটক—উন্মোচনকারী, প্রকাশক, জলতোলা কল।

পর্য্যটক —পরিব্রাজক, ভ্রমণকারী।

উৎপাটক--যে উৎপাটনকরে, উন্মোচনকারী।

চিপিটক —চিড়া, চেপ্টা, যাহার নাসিকা চেপ্টা।

সম্পুটক —কৌটা, খুঙি, কুরুবক পুষ্প।

বিস্ফোটক--ব্রণ, ফোড়া।

করটক —কাক।

কৈরাটক —স্থাবরবিষ, গাছড়াবিষ, কাষ্ঠবিষ।

বরাটক —পদ্মবিজকোষ, রজ্জু, কপর্দ্দক।

ভরুটক —ভৃষ্ট আমিষ বা মৎস্য।

ললাটক —প্রশস্তললাট, ললাট, ভাল।

শিলাটক —অট্টালিকা, বিল, গর্ত্ত, বেড়া, প্রাসাদ।

নিশাটক —গুগ্গুল।

অকণ্টক —নিঃসপত্ন, নিষ্কণ্টক, শত্রুরহিত।

গোকণ্টক —গোক্ষুরবৃক্ষ, গোষ্পদচিহ্ন।
সকণ্টক —কণ্টক যুক্ত, শৈবাল, নাটাকরঞ্জার গাছ।
নিষ্কণ্টক —নিরাপদ, কণ্টকরহিত।

মযুষ্টক
মকুষ্টক
মুকুষ্টক
মুগদষ্টক —বনমুদ্গ, মুগানি।
মপষ্টক
মপুষ্টক

আবেষ্টক —প্রাচীর, বেড়াপ্রভৃতি।
প্রবেষ্টক —হস্তির পৃষ্ঠস্থিত কম্বল বা আস্তরণ।
অরিষ্টক —নিম্ববৃক্ষ।
শ্বদংষ্ট্রক —লতা বিং, গোক্ষুরীলতা।
প্রপাঠক —বেদাংশ বিং, পাঠক।
মুগদষ্টক —বন্যমুগ।
শিখণ্ডক —কাকপক্ষ, জুল্পি, ময়ূর পুচ্ছ।
শিখাণ্ডক — ঐ
বিভাণ্ডক —মুনি বিশেষ।
বরণ্ডক —ব্রণ, ভীত, কৃপণ, বড়, হাতিরহাওদা।
জলাণ্ডক —পোতাধান, মাছের পোনার ঝাঁক।
পাষণ্ডক —নাস্তিক, বিধর্ম্মি, ধর্ম্মবহিষ্কৃত।
ত্রিপুণ্ড্রক —ত্রিরেখাযুক্ত ললাটদেশ, দীর্ঘফোটা।